

তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর সংশোধনী প্রস্তাব

উপরি-উক্ত বিধিমালার-

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। বিধি ২(৩৩) “স্থাপনা” অর্থ এমন প্রাক্কণ যাহা গ্যাসাধারে বা সিলিভারে এলপিজি মজুদ অথবা এলপিজি মজুদ ও সিলিভারে গ্যাস ভর্তির জন্য বিশেষভাবে নির্ধারিত।

দ্বিতীয় অধ্যায়

২। বিধি ৩(২) উপবিধির (গ) উপানুচ্ছেদের পর নিম্নরূপ উপানুচ্ছেদ সংযোজিত হইবেঃ

(ঘ) রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি ব্যবহার করিতে পারিবেন না।

৩। বিধি ১০ দুর্ঘটনা প্রতিরোধে বিশেষ সতর্কতা।- বিধি ১০ (২) (গ) এর পর নিম্নরূপ উপ-বিধি (ঘ) সংযোজিত হইবেঃ-

১০(২)(ঘ) সরাসরি সূর্যের আলোতে বা সিলিভারকে উত্তপ্ত করে এমন স্থানে এলপিজি সিলিভার মজুদ করা যাইবে না।

৪। বিধি ১৩ এর পরিবর্তে নিম্নরূপ উপবিধি (১) ও (২) প্রতিস্থাপিত হইবে; যথা:-

(১) এলপিজি মজুদ, পরিবহন বা উহা জ্বালানী হিসাবে ব্যবহারের ক্ষেত্রে সিলিভার বা গ্যাসাধার এমনভাবে রাখিতে হইবে যেন উহার “সেফটি রিলিফ ভাল্ভ” (Safety Relief Valve) বাস্পীয় অংশের সহিত সরাসরি সংযুক্ত অবস্থায় থাকে।

(২) সিলিভার বাজারজাতকারী কোম্পানী কর্তৃক ভোক্তা সাধারণের উদ্দেশ্যে সিলিভার ব্যবহার পদ্ধতি ও সতর্কতামূলক ব্যবস্থার নির্দেশনা সিলিভারের গায়ে লিপিবদ্ধ করিয়া বা লেবেল আকারে সংযুক্ত করিতে হইবে।

পঞ্চম অধ্যায়

৫। বিধি ৫৩ এর উপ-বিধি(২)এর পর নিম্নরূপ উপ-বিধি সংযোজিত হইবে যথা:-

(৩) সিলিভার প্রস্তুতকারী কোম্পানীর আবেদনের প্রেক্ষিতে প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তরের কোন কর্মকর্তাকে সরকারী দায়িত্বের ব্যাঘাত না ঘটাইয়া নিরপেক্ষ পরিদর্শনকারীর সেবা প্রদানের অনুমিত প্রদান করিতে পারিবেন। উক্ত সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার নির্ধারিত ফি প্রদানপূর্বক সেবা গ্রহণ করিবেন যাহার ৫০% সরকার ও ৫০% পরিদর্শনকারী কর্মকর্তা গ্রহণ করিবেন।

৬। বিধি ৫৩ এর বিদ্যমান উপ-বিধি ৫৩(৩), ৫৩(৪), ৫৩(৫) যথাক্রমে ৫৩(৪), ৫৩(৫) ও ৫৩(৬) হিসাবে সংখ্যায়িত হইবে অতঃপর নিম্নরূপ উপ-বিধি সংযোজিত হইবে, যথা:-

(৭) কোন প্রতিষ্ঠান কর্তৃক নির্মিত সিলিন্ডার প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক অনুমতি ব্যতিরেকে বাজারজাত বা নিজস্ব এলপিগি ভর্তির প্লান্টে ব্যবহার করিতে পারিবেন না।

৭। বিধি ৫৭ এর উপবিধি (৪) নিম্নরূপ প্রতিস্থাপিত হইবেঃ- উপবিধি (১) এ উল্লিখিত যন্ত্রাংশ ছাড়াও অতিরিক্ত প্রবাহ ভাল্ব (প্রবাহ নিয়ন্ত্রণ ভাল্ব) [Excess Flow Valve (Flow Control Valve)] গ্যাসাধারের ভিতরে বা বাহিরে গায়ের সঙ্গে সংযুক্ত থাকিবে, দূর নিয়ন্ত্রিত বন্ধকরণ ভাল্ব (Remote controled shut-off valve), উচ্চ চাপ ও উচ্চ লেভেল এ্যালার্ম সংযুক্ত করিতে হইবে।

৮। বিধি ৬১ এর উপবিধি (২) এর দফা-(ক) তে নিম্নরূপ নিরাপত্তা চিহ্ন ও সতর্কবাণী প্রতিস্থাপিত হইবে; যথা:-



অতি প্রজ্বলনীয় গ্যাস



খোলা শিখা নিষিদ্ধ



ধূমপান নিষিদ্ধ

৯। পঞ্চম অধ্যায়ের তৃতীয় অংশের শিরোনাম নিম্নরূপ প্রতিস্থাপন হইবে; যথা:-

(১) ধারণ পত্র ও যন্ত্রাংশ আমদানি ।

১০। বিধি ৬৮ এর উপবিধি (২) এর পর নিম্নরূপ উপবিধি (৩) সংযোজিত হইবে; যথা-

(৩) এই বিধিমালার নবম অধ্যায়ে রেটিকুলেটেড সার্ভিসের জন্য ব্যবহৃত যন্ত্রপাতি প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র/পারমিট গ্রহণ ব্যতীত আমদানি করা যাইবে না ।

১১। বিধি ৬৮(৪) এই বিধিমালার দশম অধ্যায়ে উল্লিখিত যানবাহন রূপান্তরের যন্ত্রপাতি প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক প্রদত্ত লাইসেন্স/অনাপত্তিপত্র গ্রহণ ব্যতিরেকে আমদানি করা যাইবে না ।

১২। বিধি ৭০(৪) প্রত্যেক এলপিগ্যাস স্থাপনা বা মজুদাগারে নিম্নবর্ণিত সতর্কবাণী এবং প্রতীক ব্যবহার করিতে হইবে :



অতি প্রজ্বলনীয় গ্যাস



খোলা শিখা নিষিদ্ধ



ধূমপান নিষিদ্ধ

১৩। বিধি ৭৩ (১) এই উপ-বিধিতে উল্লিখিত বেষ্টনীর উচ্চতা ১.৫ মিটারের স্থলে ২ মিটার প্রতিস্থাপিত হইবে।

১৪। বিধি ৮৯ নিম্নরূপ পুনর্গঠিত হইবে :-

(ক) বিধি ৮৯। সিলিভারে এলপিজি মজুদ।- (১) এই বিধিমালার বিধান ও লাইসেন্সের শর্তাবলী অনুসরণ ব্যতীত এবং বিনা লাইসেন্সে কোন ব্যক্তি এলপিজি সিলিভার মজুদ করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, কোন স্থানে মোট গ্যাস মজুদের পরিমাণ অনধিক ১০০ (একশত) কিলোগ্রাম হইলে সেইক্ষেত্রে লাইসেন্সের প্রয়োজন হইবে না।

(২) কোন লাইসেন্সধারী লাইসেন্সযোগ্য পরিমাণ এলপিজি এই বিধিমালার অধীন লাইসেন্স প্রাপ্ত নহে এমন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে এলপিজি সরবরাহ করিতে পারিবেন না।

সপ্তম অধ্যায়

১৫। বিধি ৯২ এর উপবিধি (৩) এর পর নিম্নরূপ উপবিধি (৪) ও ৫ সংযোজিত হইবেঃ

(৪) কোন এলপিজি গ্যাস ভর্তির লাইসেন্সধারী তাহাদের নিজস্ব ব্রাণ্ডের সিলিভার ব্যতীত অন্যকোন প্রতিষ্ঠানের বা ব্রাণ্ডের সিলিভার ভর্তি করিতে পারিবেন না।

(৫) কোন এলপিজি গ্যাস ভর্তির লাইসেন্সধারী কর্তৃক এলপিজি মজুদ লাইসেন্স নাই এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে লাইসেন্সযোগ্য পরিমাণ এলপিজি সরবরাহ করিতে পারিবেন না।

অষ্টম অধ্যায়

১৬। অষ্টম অধ্যায়ের বিধি ১১০ এর পর নিম্নরূপ বিধি ১১১ হইতে ১২৫ সংযোজিত হইবে।

বিধি ১১১। এলপিজি ভর্তিকরণে পালনীয় নির্দেশনা।-জ্বালানী সরবরাহে ব্যবহৃত ডিসপেনসারের সল্লিকটে এবং সহজে দৃশ্যমান অবস্থানে নিম্নলিখিত নির্দেশনাসমূহ টাঙ্গানো থাকিবে, যথা :-

নিশ্চিত হউন যে,-

- (ক) অনুমোদিত সনাক্তকরণ লেবেল যথোপযুক্ত স্থানে স্থাপন করা হইয়াছে;
- (খ) জ্বালানী সংগ্রহের উদ্দেশ্যে দণ্ডায়মান যানের অবস্থান হইতে ৬ মিটারের মধ্যে কোন ধূমপান করা হয় না এবং অগ্নিস্ফুলিঙ্গ সৃষ্টির সম্ভাবনা নাই;
- (গ) যানটি হস্তচালিত ব্রেক (hand brake) দৃঢ়ভাবে প্রয়োগ করা আছে;
- (ঘ) মোটরযান ইঞ্জিনের প্রজ্বলন (ignition) ও বৈদ্যুতিক ব্যবস্থা এবং সর্টওয়েভ যোগাযোগ সরঞ্জামসহ বেতার বন্ধ করা হইয়াছে;
- (ঙ) মোটরযানে স্থাপিত সিলিভার পর্যাবৃত্ত পরীক্ষণ মেয়াদের মধ্যে আছে এবং পরীক্ষণ পদ্ধতি বিধিবদ্ধ বিধান অনুসারে সম্পন্ন করা হইয়াছে এবং সেইমর্মে পরিদর্শন প্রত্যয়ন গ্রহণ করা হইয়াছে;
- (চ) যানটির এলপিজি সরঞ্জামাদিতে কোন ছিদ্র নাই; এবং
- (ছ) জ্বালানী সংযোগ উত্তম অবস্থায় আছে এবং উহার ডিসপেন্সার ফিলার নজলের সহিত সামঞ্জস্যপূর্ণ।

বিধি ১১২। ভর্তিকরণ পদ্ধতি।- মোটরযানে সংযুক্ত জ্বালানী ধারণপাত্রের জ্বালানী ভর্তিকরণের সময় নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা :-

- (ক) মোটরযানের জ্বালানী সরবরাহের সংযোগ স্থল হইতে ময়লা প্রতিরোধকারী ছিপি অপসারণ করিতে হইবে;
- (খ) জ্বালানী সরবরাহ নলটি ফিল পয়েন্টে যুক্ত করিতে হইবে;
- (গ) ভর্তিকরণ কার্যক্রম চলাকালে মোটরযাটি দৃষ্টির অগোচরে রাখা যাইবে না;
- (ঘ) মজুদ আধার হইতে মোটরযানের সিলিন্ডারে এলপিজি সরবরাহের সময় রিফুয়েলিং ভাল্ভ আস্তে আস্তে খুলিতে হইবে; এবং ভর্তিকরণ ধাক্কা ও গ্যাসের দ্রুত তাপমাত্রা হ্রাস রোধকল্পে এলপিজি ধীরে ধীরে মোটরযানে সরবরাহ করিতে হইবে;
- (ঙ) ভর্তিকরণ সমাপ্ত হইলে রিফুয়েলিং ভাল্ভ বন্ধ করিতে হইবে;
- (চ) ভর্তিকরণ নলের অগ্রভাগ দিয়া নির্গত গ্যাসের পরিমাণ যাহাতে যথাসম্ভব সর্বনিম্ন পর্যায়ে থাকে সেই উদ্দেশ্যে ভর্তিকরণ নল সতর্কতার সহিত বিচ্ছিন্ন করিতে হইবে; এবং
- (ছ) হোস পাইপটি ডিসপেনসারে যথাস্থানে রাখিতে হইবে।

বিধি ১১৩। জ্বালানী ভর্তিকৃত যানটি পর্যবেক্ষণ।- কোন যান জ্বালানী ভর্তি স্থল হইতে চলিয়া যাওয়ার পূর্বে মনোযোগ সহকারে উহা পর্যবেক্ষণ করিতে হইবে, যাহাতে ত্রুটিপূর্ণ ভর্তিকরণ অথবা ত্রুটিপূর্ণ সংযোগ সরঞ্জামাদি অপসারণের কারণে যানটিতে অথবা ডিসপেন্সিং পয়েন্টে কোন ছিদ্র না থাকে।

বিধি ১১৪। এলপিজি স্টেশনের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ।- (১) এলপিজি স্টেশনের সরঞ্জামাদি ও যন্ত্রপাতি সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ ও সক্রিয় রাখিতে হইবে।

(২) এলপিজি রিফুয়েলিং স্টেশনের পরিচালক নিয়মিতভাবে নিম্নলিখিত নিরাপত্তা পরীক্ষণ ও পর্যবেক্ষণ এবং জরীপের ব্যবস্থা গ্রহণ করিবেন :

- (ক) বিধি ১১৫ অনুসারে রিফুয়েলিং স্টেশনের যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি অনূর্দ্ধ ৩ মাস অন্তর পর্যবেক্ষণ করিতে হইবে; এবং
- (খ) বিধি ১১৬ অনুসারে রিফুয়েলিং স্টেশন জরীপ করিতে হইবে।

(৩) এলপিজি রিফুয়েলিং স্টেশনের কোন কর্মচারী কর্তৃক উক্ত স্টেশনের ঝুঁকিপূর্ণ যন্ত্রপাতি বা সরঞ্জাম অথবা পরিস্থিতি দৃষ্টিগোচর হইলে তিনি উহা এলপিজি পরিচালককে অবিলম্বে অবহিত করিবেন।

(৪) উপযুক্ত সংস্থা ব্যতীত কোন যন্ত্রপাতির সীল ভাঙ্গা বা পুনঃ সীলকরণ করা যাইবে না।

বিধি ১১৫। যন্ত্রপাতির ও সরঞ্জামাদির পর্যবেক্ষণ ও পরীক্ষণ।- (১) শুধুমাত্র উপযুক্ত প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তিগণই রিফুয়েলিং স্টেশনের যন্ত্রপাতি ও সরঞ্জামাদির পর্যবেক্ষণ ও পরীক্ষণকালে প্রয়োজনীয় নিরাপত্তা সংক্রান্ত সংস্কারের দায়িত্বে থাকিবেন।

(২) ফরম-ট অনুসারে সরঞ্জামাদি পরীক্ষণকালে নূন্যতম পর্যবেক্ষণ ও পরীক্ষণের ব্যবস্থা করিতে হইবে।

(৩) পর্যাবৃত্ত পর্যবেক্ষণ ও পরীক্ষণকালে সনাক্তকৃত কোন ত্রুটি যত শীঘ্র সম্ভব কোন প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক সংশোধন করিতে হইবে।

বিধি ১১৬। নিরাপত্তা বিষয়ক বার্ষিক জরীপ।- (১) বিধি ১১৪(২) এর বিধান অনুসারে এলপিজি রিফুয়েলিং স্টেশনের নিরাপত্তা বিষয়ক বার্ষিক জরীপ কার্য কোন যোগ্য ব্যক্তি কর্তৃক সম্পাদন করিতে হইবে।

(২) নিরাপত্তা সংক্রান্ত বার্ষিক জরীপ সম্পাদিত অন্যান্য পর্যবেক্ষণ ও পরীক্ষণের অতিরিক্ত পরিপূরক হিসাবে বিবেচনা করিতে হইবে।

(৩) নিরাপত্তা সংক্রান্ত বার্ষিক জরীপে কমপক্ষে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ অন্তর্ভুক্ত থাকিবে,

- (ক) প্রত্যেকটি পাম্পে গ্যাস নিরাপত্তা সংশ্লিষ্ট সেফটি এবং সাটডাউন ডিভাইস পরীক্ষণ ও পর্যবেক্ষণ;
- (খ) সকল এলপিজি আধারের রিলিফ ভালভের ক্যালিব্রেশন ও রিসিলিং পরীক্ষণ ;
- (গ) মজুদ গ্যাসাধার বা সিলিভারের প্রযোজ্য ক্ষেত্রে রিলিফ ভালভের ক্যালিব্রেশন ও রিসিলিং পরীক্ষণ;
- (ঘ) জরুরী সাটডাউন সরঞ্জামাদির কার্যক্ষমতা পরীক্ষণ; এবং
- (ঙ) ক্যাসকেড মজুদাগারে মজুদকৃত সিলিভারসমূহ বিধি অনুসারে পরীক্ষণ করা হইয়াছে কিনা তাহা পর্যবেক্ষণ।

(৪) নিরাপত্তা বিষয়ক বার্ষিক জরীপ কালে প্রাপ্ত ত্রুটিসমূহ কোন যোগ্য ব্যক্তি কর্তৃক সংশোধন করিতে হইবে।

বিধি ১১৭। এলপিজি স্টেশনের পরিদর্শন।-(১) কোন এলপিজি স্টেশনের যন্ত্রপাতি এবং সরঞ্জামাদির নিরাপত্তা ও নিরাপদ পরিচালনা বিষয়ে প্রত্যয়নের লক্ষ্যে স্টেশনের মালিক বা পরিচালক নিশ্চিত করিবেন যে, উক্ত স্টেশনটি অনূ্যন ২ বৎসর অন্তর একবার কোন যোগ্য ব্যক্তি কর্তৃক পরিদর্শন করা হইয়াছে এবং এইরূপ প্রথম পরিদর্শন এই বিধিমালা কার্যকর হইবার ১ বৎসরের মধ্যে সম্পাদন করিতে হইবে।

(২) এই বিধির উপ-বিধি(১) অনুসারে কোন যোগ্য ব্যক্তি কর্তৃক পরিদর্শন সম্পন্ন করা হইলে তিনি ফরম-৪ অনুযায়ী একটি সনদপত্র জারী করিবেন।

(৩) পরিদর্শনের সময় পরিদর্শনকারী ফরম-৬ তে বর্ণিত পরিদর্শন চেক-লিস্ট অনুযায়ী বিবরণী লিপিবদ্ধ করিবেন।

বিধি ১১৮। লগবুক-। (১) এই পরিচ্ছেদের বিধান অনুসারে এলপিজি পরিচালক প্রাক্তণে সর্বদা একটি হালনাগাদ লগবুক সংরক্ষণ করিবেন।

(২) সময়ের ক্রম অনুসারে নিম্নলিখিত কার্যাবলী এবং ঘটনাসমূহ লগবুকে লিপিবদ্ধ করিতে হইবে, যথাঃ-

- (ক) সকল ঝুঁকিপূর্ণ যন্ত্রপাতি, সরঞ্জামাদি এবং পরিস্থিতির বিবরণ;
- (খ) এই বিধিমালার বিধি ১১৪ হইতে বিধি ১১৬ এর বিধানসমূহ অনুসারে সম্পাদিত পর্যবেক্ষণ এবং গৃহীত জরীপের বিবরণ;
- (গ) এই বিধিমালার বিধি ১১৭ অনুসারে সম্পাদিত পরিদর্শনে দৃষ্ট বিষয়ে বিবরণ;
- (ঘ) বিধি ১১৫ হইতে ১১৭ এর বিধানাবলী অনুসারে সংশোধিত ত্রুটিসমূহের বিবরণ;

- (ঙ) অধিক চাপ প্রতিরোধক ব্যবস্থায় অপ্রত্যাশিত ঘটনাবলী;
- (চ) এলপিজি স্থাপনায় কোন যন্ত্রপাতি বিকল হওয়া সংক্রান্ত ঘটনাবলী;
- (ছ) নিরাপত্তা নিশ্চিতকরণ এবং নিয়ন্ত্রণ কৌশলের সীল ভাঙ্গার যাবতীয় ঘটনাবলী।

(৩) এলপিজি রিফুয়েলিং স্টেশনে কার্য সম্পাদন ও মেরামতকারী ব্যক্তি তাহার পরিচয়সহ গৃহীত কার্যাদির বিবরণ লগবুকে লিপিবদ্ধ করিবেন।

বিধি ১১৯। ঝুঁকিপূর্ণ বা বিপজ্জনক এলপিজি সরবরাহ স্টেশন।-(১) এলপিজি পরিচালক কোন ঝুঁকিপূর্ণ বা বিপজ্জনক এলপিজি স্টেশন হইতে এলপিজি সরবরাহ করিবেন না।

(২) নিম্নলিখিত পরিস্থিতিতে, এলপিজি স্টেশন ঝুঁকিপূর্ণ বা বিপজ্জনক হইতে পারে, যথাঃ-

- (ক) বিধি ১১৭ অনুসারে কোন জ্বালানী সরবরাহ স্টেশন পরিদর্শন করা হয় লইতে ব্যর্থ হওয়া; বা
- (খ) বিকল বা ঝুঁকিপূর্ণ সরঞ্জামাদি বা যন্ত্রপাতির অনবরত ব্যবহার; বা
- (গ) সীলবিহীন নিরাপত্তা বা নিয়ন্ত্রণ যন্ত্রাদি।

বিধি ১২০। জরুরী পরিকল্পনা এবং পদ্ধতি।-(১) এলপিজি রিফুয়েলিং স্টেশনের পরিচালক একটি জরুরী কার্য পরিকল্পনা সংরক্ষণ করিবেন যাহাতে উহা নিম্নলিখিত অবস্থায় বাস্তবায়ন করা যায় ঃ-

- (ক) গ্যাসের সরবরাহহ্রাস বা বিঘ্নিত হইলে;
- (খ) গ্যাসের বৈশিষ্ট্য মানসম্মত না হইলে;
- (গ) অতিরিক্ত বা নিম্নমাত্রায় গ্যাস গন্ধযুক্ত হইলে;
- (ঘ) এলপিজি সরঞ্জামাদি বা যন্ত্রপাতিতে বড় ধরনের ত্রুটি দেখা দিলে;
- (ঙ) দুর্ঘটনা বা অন্য কোন জরুরী অবস্থা যাহা এলপিজি স্টেশনের সহিত জড়িত বা জড়িত হওয়ার আশঙ্কা থাকিলে;
- (চ) সাধারণ জরুরী অবস্থা দেখা দিলে; এবং
- (ছ) এলপিজি সরবরাহ স্টেশনের অবস্থান বা ব্যবহার হইতে সৃষ্ট অন্য কোন বিপদ দেখা দিলে।

(২) পরিচালন সংক্রান্ত জরুরী পরিকল্পনায় নিম্নলিখিত বিষয়াবলী অন্তর্ভুক্ত হইবে, যথা ঃ-

- (ক) জরুরী অবস্থার সৃষ্টি হইলে উপযুক্ত রক্ষণাবেক্ষণ এবং পরিচালন কর্মচারীদেরকে তাহাদের দায়িত্ব সমন্ধে অবহিতকরণ; এবং
- (খ) ফায়ার সার্ভিস, পুলিশ, গ্যাস সরবরাহকারী সংস্থাসহ উপযুক্ত কর্তৃপক্ষ বা সংস্থার সহিত যোগাযোগ স্থাপন; এবং
- (গ) এলপিজি সরঞ্জামাদি ও যন্ত্রপাতি এবং কলকজা পৃথক রাখিবার এবং জরুরী অবস্থা মোকাবেলার লক্ষ্যে বিস্তারিত পদ্ধতি।

বিধি ১২১। কর্মচারীদের প্রশিক্ষণ।-(১) এলপিজি রিফুয়েলিং স্টেশনের পরিচালক এই মর্মে নিশ্চিত করিবেন যে সকল রক্ষণাবেক্ষণ ও পরিচালন কার্যের জন্য যে কার্য পদ্ধতি স্টেশনে বিদ্যমান আছে তাহা উক্ত এলপিজি স্টেশনের সকল কর্মচারী কর্তৃক অনুসৃত হইবে।

(২) কার্যপদ্ধতিতে সম্ভাব্য বিপদ চিহ্নিত করা এবং উহার উপযুক্ত নিরাময়ের ব্যবস্থা থাকিবে।

(৩) এলপিজি পরিচালক নিশ্চিত করিবেন যে এলপিজি স্টেশনের সকল কর্মচারী যথাযথ প্রশিক্ষণপ্রাপ্ত ও করণীয় কার্যে উপযুক্ত এবং কার্যপদ্ধতি ও জরুরী কার্য পরিকল্পনা বাস্তবায়নে উপযুক্ত।

বিধি ১২২। প্রশিক্ষণ এবং পুনঃনিরীক্ষণ কার্যক্রম।-(১) এলপিজি পরিচালক এলপিজি স্টেশনের কর্মচারীদের প্রশিক্ষণ ও পুনঃনিরীক্ষণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করিবেন বা করিবার ব্যবস্থা করিবেন।

(২) এলপিজি পরিচালক তাহার স্টেশনে প্রশিক্ষিত কোন ব্যক্তির পর্যাপ্ত তত্ত্বাবধান নিশ্চিত করিবেন।

(৩) এলপিজি পরিচালক তাহার স্টেশনে কর্মরত ব্যক্তিদের জন্য প্রতি তিন বৎসরে একবার পুনঃ প্রশিক্ষণের ব্যবস্থা করিবেন।

(৪) এলপিজি পরিচালক এলপিজি ফিলিং স্টেশনে নিম্নলিখিত বিষয়সম্বলিত একটি হালনাগাদ রেকর্ড সংরক্ষণ করিবেনঃ-

- (ক) এলপিজি রিফুয়েলিং স্টেশনের যে সকল কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হইয়াছে তাহাদের নামের তালিকা; এবং
- (খ) কর্মচারীদের উপযুক্ততা মূল্যায়নের ফলাফল।

বিধি ১২৩। নিরাপদ পরিচালন এবং গ্যাস সরঞ্জামাদি ও যন্ত্রপাতির ব্যবহারের দায়িত্ব।-(১) এলপিজি রিফুয়েলিং স্টেশনের মালিক, পরিচালক অথবা এমন কোন ব্যক্তি যিনি এলপিজি পদ্ধতির কোন সরঞ্জামাদি বা যন্ত্রপাতি ব্যবহার করেন তিনি সরঞ্জামাদি, যন্ত্রপাতি বা স্থাপনা নিরাপদভাবে পরিচালনার এবং নিরাপদ উপায়ে সংরক্ষণের জন্য এই বিধিমালার বিধানাবলী সম্পূর্ণরূপে পালন নিশ্চিত করিবার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

(২) কোন ব্যক্তি যিনি কোন এলপিজি সরঞ্জামাদি, যন্ত্রপাতি বা রিফুয়েলিং স্টেশন ভাড়া বা ইজারা প্রদান করিবেন তিনি উহা ভাড়া বা ইজারা দেওয়ার পূর্বে নিশ্চিত হওয়ার লক্ষ্যে এইরূপ পদক্ষেপ গ্রহণ করিবেন যে-

- (ক) সরঞ্জামাদি, যন্ত্রপাতি ও রিফুয়েলিং স্টেশন নিরাপদ অবস্থায় আছে; এবং
- (খ) সরঞ্জামাদি, যন্ত্রপাতি ও স্টেশন নিরাপদ ব্যবহার করিবার নিমিত্তে সকল নির্দেশনা প্রদান করা হয়।

বিধি ১২৪। সর্বোচ্চ ভর্তির পরিমাণ।- গাড়িতে সংযুক্ত কোন সিলিভারে সিলিভার ধারণ ক্ষমতার ৮০ শতাংশের বেশি ভর্তি করা যাইবে না।

বিধি ১২৫। অগ্নি উৎস নিষিদ্ধ।-(১) পাত্রান্তর কার্যক্রম চলিবার সময়ে কোন অগ্নি উৎস ভর্তি সংযোগের ৩ মিটার এর মধ্যে আনা যাইবে না।

(২) জ্বালানী ভর্তি স্থানের কাছাকাছি জায়গায় এই মর্মে একটি সতর্কবাণী স্থাপন করিতে হইবে যে, জ্বালানী সরবরাহ কার্যক্রমের ৬ মিঃ এর মধ্যে ধূমপান বা খোলা আগুন নিষিদ্ধ। উক্ত সতর্কবাণী ৩০ মিঃ দূরত্ব হইতে সহজে পঠনযোগ্য হইতে হইবে।

(৩) “মোটর বন্ধকরণ”, “ধূমপান নিষিদ্ধ”, “খোলা আগুন নিষিদ্ধ”, “দাহ্য গ্যাস” শব্দাবলী সম্বলিত সতর্কবাণী রিফুয়েলিং স্টেশনে ও কমপ্রেসার এলাকায় স্থাপন করিতে হইবে এবং সতর্কবাণীর অবস্থান অবস্থা অনুযায়ী নির্ধারিত হইবে।]

১৭। অষ্টম অধ্যায়ের পর নিম্নরূপ নবম ও দশম অধ্যায় সংযোজিত হইবে; যথা:-

নবম অধ্যায়

[শিল্প কারখানা/রান্নার কাজে বহুতল বাস ভবনে গুচ্ছ সিলিন্ডার বা বাক্স আকারে মজুদ ও পাইপের মাধ্যমে এলপিজি সরবরাহ (Reticulated System)

বিধি ১২৬। এলপিজি গ্রহণ।- (১) কোন বহুতল ভবনে রেটিকুলেটেড এলপিজি সিস্টেম চালু করিবার পূর্বে নিরবিচ্ছিন্ন ও দীর্ঘস্থায়ীভাবে এলপিজি প্রাপ্তি নিশ্চিত করিতে হইবে।

(২) এলপিজি মজুদ দুইভাবে করা যাইবে। যথা ট্যাঙ্ক (Bulk Storage) এবং গুচ্ছ সিলিন্ডার (Manifold Cylinders).

বিধি ১২৭। ট্যাঙ্ক স্থাপন পদ্ধতি।- (১) ট্যাংকে মজুদের ক্ষেত্রে তিনভাবে ট্যাংক স্থাপন করা যাইবে:

(ক) ভূ- উপরস্থ (above ground);

(খ) ভূ-গর্ভস্থ (under ground);

(গ) অর্ধ ভূ-গর্ভস্থ (Semi Buried);

(ঘ) ঢিবি (ভূ-উপরস্থ কিন্তু বালিদ্বারা আবৃত) পদ্ধতি (Mounded)

তবে ১০০০০ লিটার এর উর্ধ্বে এলপিজি মজুদের ক্ষেত্রে ভূ-গর্ভস্থ ট্যাংক বা ঢিবি (Mounded) পদ্ধতিকে অগ্রাধিকার দিতে হইবে।

(২) ট্যাংক স্থাপনের ভিত্তি: ভূ-উপরস্থ ট্যাংক স্থাপনের ক্ষেত্রে শক্ত ভিত্তির উপর এবং ভূ-গর্ভস্থ বা অর্ধ ভূ-গর্ভস্থ বা ঢিবি পদ্ধতিতে ট্যাংক স্থাপনের ক্ষেত্রে কংক্রীট পিটের উপর স্থাপন করিতে হইবে। পিটের ও ট্যাংকের মধ্যস্থিত ফাঁকা স্থান পরিষ্কার বালিদ্বারা ভর্তি করিতে হইবে।

বিধি ১২৮। মজুদ ট্যাংক/সিলিন্ডার গুচ্ছ স্থাপনের স্থান নির্বাচন।-(১) এলপিজি মজুদ স্থাপনায় পর্যাপ্ত বায়ু চলাচল করিতে পারে এমন ভূ-উপরস্থ (Ground level) লেভেলে মূল ভবনের বাহিরে স্থাপিত হইতে হইবে;

(২) ট্যাঙ্ক বা সিলিন্ডার গুচ্ছ কোন বসত বাড়ির ভিতর, বিল্ডিং এর বেইসমেন্ট, কোন গভীর নালা বা অন্য কোন নীচ স্থানের নিকটে যেখানে ছিদ্র হইতে নিঃসৃত এলপিজি বাতাসে মিলিয়া যাইতে বাধগ্রস্থ হয় এমন স্থানে স্থাপন করা যাইবে না ;

(৩) স্থাপনার চারিদিকে কমপক্ষে ১ মিটার প্রশস্ত জায়গা পাকা করিতে হইবে এবং পাকা অংশের বাহিরের দিকে কমপক্ষে ২ মিটার পরিমাণ জায়গা বৃক্ষ, গুল্ম ও লম্বা ঘাস মুক্ত রাখিতে হইবে;

(৪) পুনঃভর্তিকরণের জন্য আগত গাড়ী যাহাতে সহজে ট্যাঙ্ক বা সিলিন্ডার গুচ্ছের কাছে যাতায়াত করিতে পারে এবং জরুরী মুহূর্তে অগ্নিনির্বাপনের যানবাহন যাতায়াত করিতে পারে এমন পথ থাকিতে হইবে;

(৫) ট্যাংকের চারিপার্শ্বে নিম্নে উল্লিখিত নিরাপত্তা দূরত্ব বজায় রাখা আবশ্যিক:

(ক) এলপিগি বিধিমালা ২০০৪ অনুসারে ভূ-উপরস্থ ট্যাংকের ক্ষেত্রে অনূর্ধ্ব ২০০০ লিটার জল ধারণক্ষমতাসম্পন্ন ট্যাংকের জন্য ৪মিটার এবং অনূর্ধ্ব ২০,০০০ লিটারের জন্য ১০ মিটার;

(খ) NFPA 58 কোড অনুযায়ী ভূ-উপরস্থ, ভূ-গর্ভস্থ ও অর্ধ ভূ-গর্ভস্থ ট্যাংকে নির্বিশেষে ৯০০০ লিটার পর্যন্ত জল ধারণ ক্ষমতাসম্পন্ন ট্যাংকের জন্য ৩ মিটার।

(৬) ভূ-গর্ভস্থ ট্যাংক ও সিলিন্ডার গুচ্ছ স্থাপনের ক্ষেত্রে মজুদ স্থাপনা/মজুদাগারের প্রয়োজনীয় জায়গার পরিমাণ যথাক্রমে নিম্নের সারণীতে প্রদান করা হলো:

(ক) ট্যাংকের ক্ষেত্রে-

এলপিগি মজুদের পরিমাণ (টন)	স্থাপনার জন্য প্রয়োজনীয় স্থানের পরিমাণ মিটার X মিটার
৪	১৩ X ১২
৬	১৪ X ১২
৮	১৫ X ১২
----- ইত্যাদি	----- ইত্যাদি

(খ) সিলিন্ডার গুচ্ছের ক্ষেত্রে:-সিলিন্ডার মজুদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৪০কেজি ও ৮০কেজি ধারণ ক্ষমতাসম্পন্ন একটি সিলিন্ডার গুচ্ছের জন্য যথাক্রমে ন্যূনতম ৫ বর্গমিটার ও ১২ বর্গমিটার জায়গার প্রয়োজন। সেই অনুপাতে ৫০০কেজির জন্য ও ১০০০কেজির জন্য যথাক্রমে ৬২ বর্গমিটার ও ১২৫ বর্গমিটার জায়গার প্রয়োজন। উল্লেখ্য যে, উপরোক্ত হিসাব প্রতিটি ১২.৫ হইতে ১২৫ কেজি ধারণ ক্ষমতাসম্পন্ন সিলিন্ডার এবং প্রতিটি সিলিন্ডার উলম্বভাবে এক সারিতে স্থাপনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে;

তবে শর্ত থাকে যে, পারিপার্শ্বিক অবস্থার প্রেক্ষিতে প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক (ক) ও (খ) এ উল্লিখিত পরিমাপের প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণপূর্বক হ্রাস-বৃদ্ধি বা পরিবর্তন অনুমোদন করা যাইবে।

(৭) ট্যাংক বা সিলিন্ডার গুচ্ছ এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে যানবাহন, নাশকতা বা অনভিজ্ঞতা বা অন্য কোন কারণে মজুদ সিস্টেমের যন্ত্রপাতি, পাইপ ইত্যাদির কোনরূপ ক্ষতি সাধিত না হয়। এতদুদ্দেশ্যে ট্যাংক বা সিলিন্ডার গুচ্ছ এর চারিদিকে নিরাপত্তা বেড়া (Fencing) দিতে হইবে;

(৮) সিলিন্ডার যে কক্ষে স্থাপন করা হইবে বা ট্যাংক যে স্থানে স্থাপন করা হইবে সেই স্থানে প্রাকৃতিকভাবে পর্যাপ্ত বাতাস চলাচলের ব্যবস্থা থাকিতে হইবে।

বিধি ১২৯। ট্যাংক বা সিলিন্ডার গুচ্ছের ধারণক্ষমতা নির্বাচন।-ট্যাংক বা সিলিন্ডার গুচ্ছের ধারণক্ষমতা এমনভাবে নির্বাচন করিতে হইবে যাহাতে সব সময় এলপিগি সরবরাহ লাইনে পর্যাপ্ত চাপে এলপিগি সরবরাহ বজায় থাকে। সে উদ্দেশ্যে ট্যাংকের আয়তন এমন হইতে হইবে যাহাতে ট্যাংকস্থিত তরল এলপিগি'র বাষ্পীভবনের হার (Vapourization rate) গ্যাসের সর্বোচ্চ চাহিদার (peak demand) সমান বা তাহার চাইতে বেশী থাকে।

বিধি ১৩০। মজুদ ট্যাংক বা সিলিন্ডার নির্মাণ ডিজাইন/কারিগরী স্পেসিফিকেশন।- (১) মজুদ ট্যাংক বা সিলিন্ডার এমনভাবে ডিজাইনকৃত হইতে হইবে যেন উহা সংশ্লিষ্ট কাজে উপযোগী হয় এবং প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক অনুমোদিত হয়।

(ক) ট্যাংকের ক্ষেত্রে নিম্নলিখিত স্পেসিফিকেশন অনুসরণ করা যাইতে পারে:

CODE OF CONSTRUCTION	ASME Section VIII Div-2 or other indential standard specification approved by Chief Inspector of Explosives in official gazzate notification .
DESIGN PRESSURE	17.5 kg/cm (g)
RADIOGRAPHY	100%
HEAT TREATMENT	Yes (680 ⁰ C-840 ⁰ C)
COATING	450 Microns total
MECHANICAL TEST	Must be maintained at 34 bar for 30 minites.
CHEMICAL COMPOSITION OF CYLINDER MAKING RAW MATERIALS	H.R coil must be tested at chemical lab. Test result should be submitted to Chief Inspector of Explosives for custom clearance.
X-RAY TEST OF WELDED CYLINDER	100%

(খ) সিলিভারের ক্ষেত্রে নিম্নলিখিত স্পেসিফিকেশন অনুসরণ করা যাইতে পারে:-

CODE OF CONSTRUCTION	DOT 4 BA, BS 5045 part-2 IS 3196 Part-1. AS 2469, AS 2470, ISO4706, ASNZ3509, DOT 4BW, AS/NZ-3509.
DESIGN PRESSURE	17.5 kg/cm (g)
RADIOGRAPHY	100%
HEAT TREATMENT	Yes
COATING	40 Microns with Zinc galvanizing and 40 microns with powder coating.

(২) রেটিকুলেটেড এলপিগি সিস্টেমে ভেপারইজার, উহার আনুসঙ্গিক যন্ত্রপাতি, স্কর ধরণের ভাল্ব, চাপ নিয়ন্ত্রণ যন্ত্রাংশ, মিটারিং ডিভাইসসহ সকল পরিচালন যন্ত্রপাতি প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক অনুমোদিত বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত ধরণের হইতে হইবে।

(৩) এলপিগি বিধিমালা, ২০০৪ এ উল্লিখিত বিধিবিধানের অপরিপূর্ণতার ক্ষেত্রে প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ কর্তৃক অনুমোদিত যে কোন আন্তর্জাতিক কোড, আইন, বিধিমালা, স্ট্যান্ডার্ড বা রেটিকুলেটেড সিস্টেমের জন্য অনুসৃত নীতিমালা অনুসরণ করা যাইবে।

বিধি ১৩১। ট্যাঙ্ক বা সিলিভারের ক্ষয়রোধ ব্যবস্থা।- মরিচার কারণে ট্যাঙ্ক বা সিলিভার গুচ্ছ বা অনুসঙ্গিক যন্ত্রপাতি ক্ষয় হইয়া মজুদ ব্যবস্থাকে বিপজ্জনক অবস্থায় ফেলিতে না পারে সেইজন্য যথাযথ ক্ষয়রোধী ব্যবস্থা থাকিতে হইবে। ভূ-গর্ভস্থ ট্যাঙ্ক এর ক্ষেত্রে ক্ষয়রোধের জন্য কেথোডিক রক্ষা ব্যবস্থা থাকিতে হইবে।

বিধি ১৩২। বৈদ্যুতিক ও স্থির বিদ্যুৎ হইতে সৃষ্ট বিপদের সতর্কতা।- ট্যাঙ্ক ও সিলিভার গুচ্ছ এলাকায় অগ্নিনিরোধী বা বিস্ফোরক নিরোধি যন্ত্রপাতি ব্যবহার করিতে হইবে এবং ট্যাঙ্ক ও সিলিভার গুচ্ছ আর্থিং ব্যবস্থা থাকিতে হইবে। ট্যাঙ্ক বা সিলিভার গুচ্ছের সরাসরি উপর দিয়া (Overhead) এবং পরিসীমার ১.৫ মিটার এর ভিতর দিয়া কোন বৈদ্যুতিক তার স্থাপিত হইতে পারিবে না।

বিধি ১৩৩। গুচ্ছ সিলিভারের মজুদ কার্যক্রম।- (১) গুচ্ছ সিলিভার পদ্ধতিতে এলপিজি মজুদের ক্ষেত্রে সমসংখ্যক সিলিভার সম্বলিত দুইটি সিলিভার গুচ্ছ থাকিবে, একটি সক্রিয় (Active) এবং অন্যটি অপেক্ষমান (Standby)। প্রত্যেক গুচ্ছের সিলিভারগুলি পরস্পর আন্তঃসংযোগ অবস্থায় থাকিবে। এই মজুদ ব্যবস্থায় এমন একটি ডিভাইস (Auto changeover regulator) সংযুক্ত থাকিতে হইবে যাহাতে অপেক্ষমান গুচ্ছটি সচল হয়। পরবর্তীতে সার্ভিস প্রোভাইডার কর্তৃক নিঃশেষ গুচ্ছের সিলিভারগুলি অপসারণ করিয়া ভর্তি সিলিভার পুনঃস্থাপন করিবেন।

(২) সিলিভার গুচ্ছ স্থাপনের জন্য নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনায় নিতে হইবে যথঃ-

(ক) সিলিভার গুচ্ছ এর বাউন্ডলের কোন সিলিভারের জলধারণক্ষমতা ১২৫ লিটার এর বেশী হইতে পারিবে না;

(খ) ২টি গুচ্ছ এর আন্তঃদূরত্ব ১০০০ কেজি পর্যন্ত ৩মিটার, ৪০০০ কেজি পর্যন্ত ৫ মিটার, ৮০০০ কেজি পর্যন্ত ৭ মিটার, ১২০০০ কেজি পর্যন্ত ৯মিটার এবং ১২০০০ কেজির উর্ধ্বে ১০ মিটার হইতে হইবে। তবে FRR (2H2M) দেওয়া হইলে উক্ত দূরত্ব ৩ মিটার করা যাইবে। তবে সিলিভার গুচ্ছের অন্তর্ভুক্ত প্রত্যেকটি সিলিভারের ধারণক্ষমতা ১২৫ লিটার এর বেশী হইতে পারিবে না;

(গ) প্রাঙ্গণে সংশ্লিষ্ট নহে এমন কোন লোক প্রবেশ করিতে না পারে সেই জন্য তালা দেওয়া উপযুক্ত ঘেরার ব্যবস্থা করিতে হইবে;

(ঘ) স্থাপিতব্য ভবনের দরজা, জানালা বা ভেন্টিলেটর রিলিফ ভাল্ব হইতে কমপক্ষে ১মিটার দূরে স্থাপন করিতে হইবে;

(ঙ) এক বা একাধিক সিলিভার জানালার কাছে স্থাপন করিতে হইলে জানালার নিম্নপ্রান্ত হইতে ১৫ সে.মি. দূরে সিলিভারের ভাল্ব এর অবস্থান হইতে হইবে;

(চ) আগুনের উৎস, দাহ্য তরল এর মজুদ বা অন্য কোন দাহ্য পদার্থ হইতে ৫মিটার দূরে সিলিভার রাখিতে হইবে। FRR (2H2MM) প্রয়োগ করিলে দূরত্ব ৩ মিটার করা যাইবে;

(ছ) বাহ্যিক আগুনের উৎস, যান্ত্রিক ভেন্ট ব্যবস্থা বা সরাসরি ভেন্ট ব্যবস্থা হইতে কমপক্ষে ১.৫ মিটার দূরে স্থাপন করিতে হইবে;

ও বিল্ডিং বাউন্ডারীর ভিতরে বিশেষভাবে তৈরী কক্ষে এই অনুচ্ছেদে উল্লিখিত নিরাপত্তা ব্যবস্থা প্রয়োগ করিয়া সিলিভার গুচ্ছ স্থাপন করা যাইবে। উক্ত পদ্ধতিতে বহিরাঙ্গণ মজুদ হিসাবে গণ্য করা যাইবে। এই ক্ষেত্রেও বহিরাঙ্গণ মজুদ ব্যবস্থার জন্য প্রযোজ্য নিরাপত্তা দূরত্ব ও নিরাপত্তা ব্যবস্থা বজায় রাখিতে হইবে;

(১) এইরূপ কক্ষপাশের ভবন হইতে FRR (2H2MM) দ্বারা পৃথকীকৃত হইতে হবে। এইরূপ FRR দেওয়ালের কোন অংশ যাহাতে ভবনের দিকে উন্মুক্ত না থাকে;

(২) কক্ষটির মেঝে মসন হইতে হইবে। সিলিভার নাড়াচাড়ার সময় স্পার্ক সৃষ্টি করিতে পারে এমন খসখসে হইবে না;

(৩) কক্ষটির ১.৫ মিটার প্রস্থ দরজা থাকিবে যাহা ভবনের বিপরীত দিকে হইবে এবং বাহিরের দিকে খুলিবে।

(ঝ) রেটিকুলেটেড সিস্টেমে ব্যবহৃত সকল মালামাল, যন্ত্রাংশ ফিটিংস ইত্যাদি বিধি ১১৫(১), (২), (৩) এ উল্লিখিত নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে রেটিকুলেটেড সিস্টেমে স্থাপনকারী সংস্থার নিজস্ব ডিজাইন অনুযায়ী হইতে পারিবে;

- (ঞ) গুচ্ছ সিলিভারের সাথে সংযুক্ত পাইপ, ফিটিংস, সিলিভারের রেগুলেটর এর সাথে সংযোগকারী হোস পাইপ ইত্যাদি সিলিভারের অভ্যন্তরীণ চাপের দেড় গুণ চাপ সহ্য করিবার উপযোগী হইতে হইবে;
- (ট) প্রত্যেকটি সিলিভার ও প্রধান পাইপ এর সাথে সংযোগকারী হোস পাইপ ও উহার সংযোগ স্থল সহজে পর্যবেক্ষণ করা যায় এই রূপ পর্যাপ্ত জায়গা থাকে হইবে;
- (ঠ) সিলিভারের সাথে সংযোগকারী হোস পাইপসমূহ এলপিজি সার্ভিসে ব্যবহার এর উপযুক্ত ধরনের হইতে হইবে;
- (ড) কাস্ট আয়রন এবং অ্যালুমিনিয়াম দ্বারা নির্মিত কোন ফিটিংস ব্যবহার করা যাইবে না;
- (ঢ) পাইপিং সিস্টেমের কোন নড়াচড়ার সম্ভাবনা আছে এমন যন্ত্রাংশ বা চুলার সাথে সংযোগের পাইপ স্থিতিস্থাপক ধরনের হইতে হইবে এবং উক্ত পাইপসমূহে ঘর্ষণজনিত ক্ষয় হইতে রক্ষা করিবার ব্যবস্থা থাকিতে হইবে।

বিধি ১৩৪। ট্যাঙ্ক হইতে পাইপের মাধ্যমে এলপিজি সরবরাহ।-এলপিজি পাইপের মাধ্যমে পরিবহণের সময় কয়েকটি ধাপে বিভিন্ন ধরনের ভাল্ব ও নিরাপত্তা ডিভাইস যুক্ত করিবার প্রয়োজন হয়। উক্ত ডিভাইসসমূহের সাহায্যে চাপ হ্রাসকরণ ও প্রয়োজন মুহূর্তে সরবরাহ বন্ধ করিবার ও অতিরিক্ত চাপ প্রশমন করা হইয়া থাকে। যথা:-

- (ক) প্রথম ধাপ রেগুলেটর: মজুদ ব্যবস্থা থেকে পাইপে প্রবেশের মুহূর্তে ট্যাংকের ক্ষেত্রে তরল এলপিজিকে বাষ্প রূপান্তরিত করিবার জন্য বসানো হইয়া থাকে। অতঃপর প্রথম ধাপ রেগুলেটরটি লাগানো হয়, যাহা গ্যাস চাপ ৮০-১০০ পিএসআইজি হইতে ৫ পিএসআইজিতে নামাইয়া আনে;
- (খ) দ্বিতীয় ধাপ রেগুলেটর: পাইপিং সিস্টেমের শেষ ধাপে রান্না ঘরে প্রবেশের পূর্বে এই রেগুলেটরটি লাগাইতে হইবে। রেগুলেটরটি এলপিজিকে ৫ পিএসআইজি চাপ হইতে ০.৫ পিএসআইজি চাপে নামাইয়া আনে, যাহা চুলার জন্য উপযুক্ত;
- (গ) চাপ প্রশমন ভাল্ব: পাইপিং সিস্টেমে চাপ বৃদ্ধি পাইলে পাইপ ও ব্যবহার যন্ত্রপাতি রক্ষার জন্য স্বয়ংক্রিয় চাপ প্রশমন ভাল্ব থাকিবে;
- (ঘ) নিম্নচাপ ভাল্ব: এই ভাল্বটি পাইপ ফাটিয়া যাওয়ার ফলে চাপ হঠাৎ কমিয়া গেলে স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হইবে;
- (ঙ) বিচ্ছিন্নকরণ ভাল্ব: বিল্ডিং এর বাহিরে ও মজুদ ট্যাঙ্ক এর নিকট জরুরী মুহূর্তে বন্ধ করিবার জন্য হাতে বিচ্ছিন্নকরণ ভাল্ব থাকিতে হইবে। উক্ত ভাল্বসমূহকে বিল্ডিং এর বাহিরে খোলা জায়গায় স্থাপন করা শ্রেয়;
- (চ) প্রেসার গেজ: পাইপে চাপ পর্যবেক্ষণের জন্য সুবিধাজনক স্থানে প্রেসার গেজ লাগাইতে হইবে;

বিধি ১৩৫। ভ্যাপারাইজার (Vaporizer)।- ট্যাংক/সিলিভারগুচ্ছ যদি Lipid Off Take (LOT) পদ্ধতি সম্পন্ন হয় তাহা হইলে মজুদ ট্যাংক বা সিলিভার গুচ্ছ এর পর vaporizer স্থাপন করিতে হইবে। তাহাছাড়া যদি অত্যন্ত ঠান্ডা আবহাওয়া (১০ সেন্টিঃ) এর ক্ষেত্রে বা এলপিজি বাষ্প ব্যবহারের পরিমাণের হার উহার বাষ্পীভবনের হারের চাইতে বেশী হয় সেইক্ষেত্রেও vaporizer স্থাপন করিতে হইবে।

বিধি ১৩৬। গুচ্ছ সিলিভার ব্যবস্থায় সরবরাহ পাইপে এলপি গ্যাসের চাপ নিয়ন্ত্রণ ও নিরাপত্তা ব্যবস্থা।-(১) সিলিভার ক্যাসকেড থেকে চুলা পর্যন্ত পরিবহণ করিবার ক্ষেত্রে নিরাপত্তার বিষয়টি বিবেচনাপূর্বক পাইপের মাধ্যমে পরিবহণের সময় কয়েকটি ধাপে বিভিন্ন ধরনের ভাল্ব ও নিরাপত্তা ডিভাইস যুক্ত করিতে হইবে। উক্ত ডিভাইসসমূহের সাহায্যে চাপ হ্রাসকরণ ও প্রয়োজন মুহূর্তে সরবরাহ বন্ধ করিবার ও অতিরিক্ত চাপ প্রশমন করিবার ব্যবস্থা থাকিতে হইবে। যথা:-

(২) অটোচেনজওভার রেগুলেটর (Auto-Changeover Regulator): এই পর্যায়ে গ্যাস সরবরাহ উৎস স্বয়ংক্রিয়ভাবে খালি সিলিভার গুচ্ছ হইতে অপেক্ষমান মজুদ গুচ্ছ স্থানান্তর (switching) করিবে। তাহাছাড়া এই পর্যায়ে প্রথম ধাপ (First stage) চাপ প্রশমন হইয়া ৮০-১০০ পিএসআইজি হইতে ১৬-১৮ পিএসআইজি-তে নামিয়া আনিবে। তবে অটোচেনজওভার রেগুলেটরের (Auto-Changeover Regulator) এর স্থলে সাধারণ চেনজওভার

সুইস (Changeover-Switch) এবং প্রেসার রেগুলেটর (Pressure Regulator) একই সাথে অথবা আলাদাভাবে স্থাপন করা যাইবে।

(৩) উচ্চচাপ নিরোধী ভাল্ব (Over pressure shut-off valve): এই পর্যায়ে ১৬ পিএসআইজি-তে যে কার্যচাপ নির্ধারিত থাকে তাহার অতিরিক্ত চাপ পাইপ লাইনে সঞ্চালিত হইলে উক্ত ভাল্ব স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হইয়া যাইবে। তাহাছাড়া দ্বিতীয় ধাপ চাপ প্রশমন রেগুলেটর হিসাবে গ্যাসের কার্যচাপ ১৬-১৮ হইতে ৫ পিএসআইজি-তে নামিয়া আনিবে।

(৪) নিম্নচাপ নিরোধী ভাল্ব (Under pressure shut-off valve): এই ভাল্বটি তৃতীয় ধাপ চাপ প্রশমন রেগুলেটর হিসাবে গ্যাস মিটারের আগে স্থাপন করিতে হইবে। এই পর্যায়ে গ্যাস চাপকে ৫ পিএসআইজি হইতে চাপ প্রশমন করিয়া ০.৫ পিএসআইজি-তে নামাইয়া আনিবে। তাহাছাড়া কোন কারণে (যেমন-পাইপ ফাটিয়া গেলে বা ছিঁদ্র হইয়া গেলে) পাইপ লাইনে গ্যাসের চাপ ০.৫ পিএসআইজি এর নিচে নামিয়া গেলে উহা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হইয়া পাইপে গ্যাস সরবরাহ বন্ধ করিবে।

(৫) বিচ্ছিন্নকরণ ভাল্ব (Emergency shut-off Valve) :- বিল্ডিং এর বাহিরে ও মজুদ ট্যাঙ্ক এর নিকট জরুরী মুহুর্তে বন্ধ করিবার জন্য হাতে বিচ্ছিন্নকরণ ভাল্ব থাকিতে হইবে।

(৬) আইসোলেশন সাটঅফ ভাল্ব (Isolation shut-off Valve):- আইসোলেশন সাটঅফ ভাল্ব পাইপ লাইনের বিভিন্ন স্থানে স্থাপন করতে হইবে। যেমন-চুলার আগে, মিটারের আগে, রেগুলেটর এর আগে, রাইজার এর স্থানে, বা পাইপ লাইনের শুরুতে এবং জরুরী মেরামতের প্রয়োজন হয় এমন স্থানে;

(৭) প্রেসার গেজ:- পাইপে চাপ পর্যবেক্ষণের জন্য সুবিধাজনক স্থানে প্রেসার গেজ লাগাইতে হইবে; বিধি ১৩৭। পাইপ নির্বাচন। যথা:-

(১) ইস্পাতের ASTM A106 বা API5L Grade-B

(২) তামার- EN 1057

(৩) পলি ইথিলিন পাইপ-ASTM D2513 বা ISO 4437

উচ্চ ও মধ্যঘনত্বের পলি ইথিলিন (পিইইই) পাইপ ৬০ পিএসআইজি চাপের নীচে পরিবহনের ক্ষেত্রে ব্যবহার করা যাইবে। জোড়াবিহীন তামার পাইপ ২০ পিএসআইজি চাপের নীচের ক্ষেত্রে ব্যবহার করা যাইবে। তাহাছাড়া কাস্ট আয়রন বা অ্যালুমিনিয়াম পাইপ এইক্ষেত্রে ব্যবহার করা যাইবে না।

বিধি ১৩৮। কার্যচাপ।- পাইপে গ্যাস পরিবহন ব্যবস্থায় ব্যবহৃত পাইপ ও অন্যান্য যন্ত্রপাতি/উপকরণ এমন হইতে হইবে যাহাতে পাইপের অভ্যন্তরীণ চাপ ও বাহ্যিক আঘাত সহনের ক্ষমতা রাখে। এই ব্যবস্থা অবশ্যই লিকপ্রুফ হইতে হইবে যাহাতে দাহ্য বা বিস্ফোরণ ঘাঁইতে সক্ষম গ্যাস নির্গত না হয়। বুকি এড়ানোর জন্য বিল্ডিং এর ভিতর স্থাপিত পাইপের চাপ ৫ পিএসআইজি এর মধ্যে রাখা প্রয়োজন। তবে ঝালাইকৃত পাইপ বা নির্গত হইবার সুযোগ নাই এমনভাবে স্থাপিত পাইপের ক্ষেত্রে ৫ পিএসআইজি এর বেশী চাপে ব্যবহার করা যাইতে পারে। সকল এলপিগি ট্যাঙ্ক, সিলিডার বা পাইপেও কার্যচাপ ২৫০ পিএসআইজি নির্ধারণ করিতে হইবে এবং উক্ত যন্ত্রাংশের চাপ পরীক্ষণ করাইতে হইবে কার্যচাপের ১.৫ গুণ বেশী চাপে। পাইপ ও অন্যান্য যন্ত্রাংশ এর সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।

বিধি ১৩৯। পাইপ ও ভাল্ব স্থাপন।-(১) স্থিতিস্থাপক হোস পাইপ:

(ক) স্থিতিস্থাপক হোস পাইপ ব্যবহারের ক্ষেত্রে নিম্নলিখিত শর্তসমূহ প্রতিপালন করিতে হইবে

(অ) সিলিডার হোস পাইপের সাহায্যে সংযুক্ত যন্ত্রাংশ একই কক্ষে স্থাপিত হইবে;

(আ) হোস পাইপকে যতদূর সম্ভব খাটো রাখিতে হইবে। সাধারণত দুই মিটারের বেশী লম্বা হইবে না ;

- (ই) স্থিতিস্থাপক হোস পাইপ দরজা, জানালা, দেওয়াল, পার্টিশনা, সিলিং বা মেবোর নিচে দিয়া প্রবাহিত হইয়া কোন কক্ষ থেকে কক্ষের বারান্দায় বা অনুরূপ স্থানে প্রবাহিত হইতে পারিবে না;
- (খ) হোস পাইপ এমন ভাবে স্থাপন করিতে হইবে যাহাতে উহাকে সহজে পর্যবেক্ষণ করা যায়। অর্থাৎ হোস পাইপ ওয়ালের, আলমারীর ও অন্যান্য আসবাবপত্রের আড়ালে স্থাপন করা যাইবে না;
- (গ) স্থিতিস্থাপক হোস পাইপ ৫০ সেন্টি: এর উপরের তাপমাত্রায় ব্যবহার করা যাইবে না;
- (ঘ) স্থিতিস্থাপক হোস পাইপ এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে উহা পাকানো, গিট, পঁচানো অবস্থায় না থাকে এবং উহার উপরে কোন বাহ্যিক চাপ যাহাতে না পড়ে।
- (২) স্থির ভাবে স্থাপিত যন্ত্রপাতি স্থিরভাবে স্থাপিত পাইপের মাধ্যমে সংযুক্ত থাকিতে হইবে;
- (৩) পাইপিং: (ক) পাইপ এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে বাহ্যিক অতি গরম অতি ঠান্ডার প্রভাবে পাইপ লাইনের অতি সংকোচন বা অতি সম্প্রসারণ না ঘটে এবং গ্যাসের ভাঙ্গন বা ঘনীভবন না ঘটে;
- (খ) পাইপ লাইন ত্রুণকারী আবহাওয়া ও পদার্থের সংস্পর্শে আসিতে পারিবে না। যতদূর সম্ভব দেয়ালের অভ্যন্তরে বা ঢাকা অবস্থায় পাইপ লাইন স্থাপন পরিহার করিতে হইবে;
- (গ) পাইপ লাইন লিফট গহবর, চিল্লি, বায়ু চলাচরের পথ ইত্যাদির ভিতরে বা এই সমস্ত পথের খুব সন্নিকটে স্থাপন করা যাইবে না;
- (ঘ) অনূর্ধ্ব ১২ মিলিমিটার ব্যাস পাইপ লাইন স্থাপনের ক্ষেত্রে প্রতি ৫০ সেন্টিমিটার পর পর ক্লাম্প এর মাধ্যমে দৃঢ়ভাবে আটকাইতে হইবে। এর উপরের ব্যাসের পাইপসমূহকে সুবিধাজনক দূরত্বে ক্লাম্প দিয়া আটকাইতে হইবে যাহাতে পাইপ ঝুলিয়া না যায় বা নাড়াচড়া করিতে না পারে;
- (ঙ) পাইপ লাইন ও ইলেকট্রিক ওয়্যারিং এর মধ্যে কমপক্ষে ৫০ মিলিমিটার ফাঁকা থাকিতে হইবে। গ্যাস লাইন অবশ্যই ইলেকট্রিক ওয়্যারিং এর নিচে দিয়া প্রবাহিত হইতে হইবে;
- (চ) এলপিজি পাইপ লাইন ও গরম বাষ্পবাহী পাইপ লাইন পাশাপাশি স্থাপন করিবার প্রয়োজন হইলে দুটি পাইপ লাইনের মধ্যে কমপক্ষে ১৫০ মিলিমিটার ফাঁকা থাকিতে হইবে এবং এলপিজি লাইন বাষ্প লাইনের নিচে স্থাপিত হইবে;
- (ছ) পাইপ লাইন এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে বর্ষার সময় পাইপের অংশবিশেষ পানির সংস্পর্শে না থাকে;
- (জ) পাইপ লাইন বিল্ডিং এ প্রবেশ এর পূর্বে একটি মেইন ভাল্ব স্থাপন করিতে হইবে। এই ভাল্বটি আয়না লাগানো একটি লোহার বাক্সে স্থাপন করিতে হইবে।
- (ঝ) এলপিজি পরিবহণ পাইপ লাইন বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক অনুমোদিত ধরণের রঙে রঞ্জিত হইতে হইবে;

বিধি ১৪০। গ্যাস মিটারিং।- সহজে মিটার রিডিং নেওয়া যায় এরূপ স্থানে মিটার স্থাপন করিতে হইবে। মিটার এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে উহা আঘাত প্রাপ্ত না হয়। অতিরিক্ত তাপের সংস্পর্শে না আসে, উহার উপর বৃষ্টির পানি না পড়ে এমন স্থানে এবং আগুনের উৎস হইতে কমপক্ষে ১ মিটার দূরে স্থাপিত হইতে হইবে।

বিধি ১৪১। পাইপের আকার।- পাইপের আকার এমন হইতে হইবে যাহাতে ভবনে স্থাপিত সমস্ত চূলা/অন্য যন্ত্রপাতির চাহিদা সন্তোষজনকভাবে মিটাইতে পারে। চাহিদার তুলনায় কম ব্যাসের পাইপ ব্যবহার করা হইলে ব্যবহৃত চূলা/যন্ত্রপাতিতে অপরিষ্কার গ্যাস প্রবাহের দরুন যন্ত্রপাতির ক্ষতি বা চালনায় অসুবিধার সৃষ্টি হইবে। গ্যাস পরিবহনের ক্ষেত্রে পাইপের অভ্যন্তরে ১৫% এর বেশী চাপ হ্রাস যাহাতে না ঘটে এবং গ্যাসের গতি সর্বোচ্চ ২০ মিটার/সে. এর বেশী যাহাতে না হয় সেই দিকে লক্ষ্য রাখিতে হইবে।

বিধি ১৪২। রেটিকুলেটেড সিস্টেমের চাপসহন ক্ষমতার পরীক্ষা।- (১) সিলিভারের ডিজাইন তাপমাত্রা অনুযায়ী সিলিভারের অভ্যন্তরে গ্যাসের সর্বোচ্চ চাপের ১.৫ গুণ চাপে রেটিকুলেটেড সিস্টেমের পাইপ ও সকল ফিটিংস পরীক্ষা করিতে হইবে

- (২) পরীক্ষার মাধ্যম: বাতাস, নাইট্রোজেন, এলপিজি ব্যবহার করিয়া এই পরীক্ষা সম্পন্ন করা যাবে;
- (৩) চাপ পরীক্ষার সময়ে সংবেদনশীল প্রেসার গেজ ব্যবহার করিতে হইবে;

- (৪) কোন সংযোগ স্থল বা যন্ত্রপাতি হইতে গ্যাস নিঃসৃত হইতেছে কিনা তাহা পরীক্ষার জন্য খোলা আগুন ব্যবহার করা যাইবে না;
- (৫) পাইপের কোন অংশে গ্যাস নিঃসরণ পরীক্ষা করিবার জন্য সাবানের দ্রবণ বা অনুরূপ পদার্থ ব্যবহার করা যাইবে;
- (৬) ত্রুটিপূর্ণ পাইপ বা যন্ত্রাংশ সম্পূর্ণ প্রতিস্থাপন করিতে হইবে। উহাদেরকে লাগানো অবস্থায় মেরামত করা যাইবে না;

বিধি ১৪৩। অগ্নিনির্বাপন ব্যবস্থা।-(১) বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড অনুযায়ী ফায়ার সার্ভিসের গাড়ী প্রবেশের জন্য উপযুক্ত সুবিধা রাখিতে হইবে।

- (২) কমপক্ষে ০২ (দুই) টি বহনযোগ্য ০৬(ছয়) কেজি ধারণ ক্ষমতা সম্পন্ন ড্রাই কেমিক্যাল পাউডার ফায়ার এক্সটিংগুইসার (মেনোমিটার টাইপ) বাক্স এরিয়া/গুচ্ছ সিলিন্ডার মজুদ ব্যবস্থার ০৪(চার) মিটারের মধ্যে ব্রাকেটে দৃশ্যমান স্থানে সংরক্ষণ করিতে হইবে;
- (৩) সতর্ক সংকেত “ধূমপান নিষেধ” নোটিশ দৃশ্যমান স্থানে বুলিয়া/সাইনবোর্ড আকারে রাখিতে হইবে;
- (৪) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ হইতে এ্যাপার্টমেন্টে কর্মরত নিরাপত্তা প্রহরীদের অগ্নিনির্বাপন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;
- (৫) যদি ভবিষ্যতে আরও নিরাপত্তা ব্যবস্থার প্রয়োজনীয়তা দেখা দেয় তবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের নির্দেশনা মোতাবেক তাহা বাস্তবায়ন করিতে হইবে;

বিধি ১৪৪। রাজউক কর্তৃক FAR এর ছাড়।- সিলিন্ডার LPG Reticulated System চালুর ক্ষেত্রে রাজউক কর্তৃক নকশা অনুমোদনের ক্ষেত্রে Extra FAR (Floor Area Ratio) সুবিধাসহ উৎসাহিত করিবার লক্ষ্যে আরো কোন ছাড় প্রদান করা সম্ভব হইলে তাহা প্রদান করিতে হইবে;

বিধি ১৪৫। রেটিকুলেটেড সিস্টেমে সকল অংশ স্থাপন বা সুনির্দিষ্টভাবে কোন অংশের মেরামত, রক্ষণাবেক্ষণ এর দায়-দায়িত্ব বা মালিকানা সুনির্দিষ্ট করিতে হইবে। ব্যবহারকারী সমিতি, ব্যক্তি বা প্রতিষ্ঠান অথবা রেটিকুলেটেড সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান বা ব্যক্তি যিনি উক্ত স্থাপনার বা স্থপনার অংশবিশেষে মালিক হিসাবে গণ্য হইবেন তিনিই প্রচলিত বিধি-বিধান ও এই নীতিমালায় উল্লিখিত সকল নির্দেশনা মানিতে বাধ্য থাকিবেন;

বিধি ১৪৬। প্রচলিত আইনকানুন।- দেশে প্রচলিত আইন, বিধি, প্রবিধান এবং প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ কর্তৃক স্বীকৃত দেশী/বিদেশী কোড ও স্ট্যান্ডার্ড এলপিজি সার্ভিসে অনুসরণ করিতে হইবে রেটিকুলেটেড সার্ভিসের জন্য।

বিধি ১৪৭। ভোক্তা সাধারণের প্রতি নির্দেশনা।-(১) রেটিকুলেটেড পদ্ধতি সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক নিম্নলিখিত বিষয়ে ভোক্তাসাধারণকে প্রয়োজনীয় নির্দেশনা/প্রশিক্ষণ প্রদান করিবেন;

- (ক) সম্পূর্ণ সিস্টেমের পরিচালন পদ্ধতি;
- (খ) লিকেজ সনাক্তকরণ পদ্ধতি;
- (গ) লিকেজ দেখা দিলে তাহা প্রতিরোধ করিবার পদ্ধতি;
- (ঘ) অগ্নিকাণ্ড সৃষ্টি হইলে তাহা প্রতিরোধ করিবার পদ্ধতি;
- (ঙ) কোন কারণে রেটিকুলেটেড পদ্ধতির কোন অংশ নষ্ট হইয়া গেলে বা অচল হইলে প্রয়োজনীয় মেরামত বা প্রতিস্থাপনের সম্পর্কে সম্মুখ ধারণা।

বিধি ১৪৮। লাইসেন্স গ্রহণ।- এই বিধিমালার তফসিল-৪ অনুযায়ী লাইসেন্স গ্রহণ ব্যতীত রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি মজুদ ও ব্যবহার করা যাইবে না।

বিধি ১৪৯। রেটিকুলেটেড ব্যবস্থা স্থাপনকারী প্রতিষ্ঠানের নিবন্ধন।- রেটিকুলেটেড সিস্টেম স্থাপনকারী প্রতিষ্ঠানকে বিস্ফোরক পরিদপ্তর/সরকারের নিকট নিবন্ধিত হইতে হইবে।

বিধি ১৫০। রেটিকুলেটেড সিস্টেম পরিদর্শন।- (১) কোন রেটিকুলেটেড এলপিগিজি সিস্টেমের যন্ত্রপাতি, সরঞ্জামাদি এবং মজুদ ব্যবস্থা নিরাপত্তা ও নিরাপদ পরিচালনার বিষয়ে প্রত্যয়নের লক্ষ্যে স্থাপনার মালিক বা পরিচালক নিশ্চিত করিবেন যে, উক্ত স্থাপনাটি অনূন ২(দুই) বৎসর অন্তর অন্তর একবার কোন যোগ্য নিরপেক্ষ পরিদর্শনকারী কর্তৃক পরিদর্শন করা হইয়াছে।

(২) এই বিধিমালার ১৩৫(১) অনুচ্ছেদ অনুসারে কোন যোগ্য নিরপেক্ষ পরিদর্শনকারী কর্তৃক পরিদর্শন সম্পন্ন করা হইলে তিনি প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক নির্ধারিত ছকে একটি সনদপত্র জারী করিবেন।

(৩) যোগ্য নিরপেক্ষ পরিদর্শনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান যাহাই হউক না কেন যোগ্য নিরপেক্ষ পরিদর্শনকারী হিসাবে প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক সনদ/লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে।

দশম অধ্যায়

স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপিগিজি দ্বারা চালানোর জন্য রূপান্তর

বিধি ১৫১। স্বয়ংক্রিয় ইঞ্জিনকে এলপিগিজিতে চালানোর জন্য রূপান্তরকরণ ওয়াকর্শপ স্থাপন। (১) স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপিগিজি চালানোর উপযোগী করিবার উদ্দেশ্যে রূপান্তর কারখানা স্থাপনে আগ্রহী ব্যক্তি বা কোম্পানীকে প্রধান বিস্ফোরক পরিদর্শক বা সরকার কর্তৃক নির্ধারিত কতৃপক্ষের নিকট অনুমোদনের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে ফরম ' ' অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপবিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর উপবিধি (১) -এ উল্লিখিত কতৃপক্ষ এই বিধিমালার বিধান অনুসারে আবেদনকারীর কারিগরী সামর্থ্য বিবেচনা করিয়া উক্ত আবেদন অনুমোদন বা প্রত্যাখান করিবেন।

(৩) রূপান্তর কারখানার যথোপযুক্ত ও নিরাপদ রূপান্তরকরণের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি থাকিতে হইবে এবং উহা পরিচালনার জন্য দক্ষ ও অভিজ্ঞ প্রকৌশলী ও অন্যান্য টেকনিশিয়ান থাকিতে হইবে।

বিধি ১৫২। রূপান্তর প্রক্রিয়া:- (১) কোন স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপিগিজি দ্বারা চালানোর জন্য রূপান্তরের সরঞ্জামাদি দক্ষ প্রকৌশলগত প্রণালীতে পর্যাপ্ত জ্ঞানসম্পন্ন যোগ্য বা উপযুক্ত ব্যক্তি, প্রকৌশলী বা তাদের সরাসরি তত্ত্বাবধানে কর্মরত অন্য কোন ব্যক্তি দ্বারা রূপান্তরকরণ কার্যক্রম সম্পাদিত হইতে হইবে।

(২) স্থাপিতব্য ফুয়েল মিক্সার যাহার মাধ্যমে ইঞ্জিনের ভিতরে বায়ু ও নিয়ন্ত্রিত পরিমাণ জ্বালানী মিশ্রণ প্রবেশ করে তাহা নির্দিষ্ট ইঞ্জিনের সাথে সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।

(৩) যাত্রী কক্ষকে উষ্ণ করিবার জন্য ইঞ্জিন কক্ষ হইতে বায়ু আহরণ করে এমন ধরনের যানে রূপান্তর সরঞ্জামাদি স্থাপন করা যাইবেনা। যদি না যাত্রী কক্ষকে গ্যাস নিরোধী করা হয়।

বিধি ১৫৩। যানের এলপিগিজি জ্বালানী ব্যবস্থা।- (১) এলপিগিজি দ্বারা চালিত একটি যানে জ্বালানী সরবরাহের জন্য যন্ত্রপাতি এলপিগিজি সার্ভিসের উপযোগী হইতে হইবে।

(২) উপবিধি (১) -এ উল্লিখিত ব্যবস্থায় চাপ প্রশমন ভালভ, স্বয়ংক্রিয় বন্ধকরণ ভালভ ও হস্ত চালিত একটি বন্ধকরণ ভালভযুক্ত সিলিভার, প্রশ্বাস প্রবাহ (Back Flow) প্রতিরোধে চেক ভ্যাল্বযুক্ত ভর্তিকরণ লাইন, সিলিভার এর

ভাটিতে (down stream) হস্ত চালিত একটি ভাল্ব, কোন কারণে ইঞ্জিন বন্ধ হইয়া গেলে স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হওয়া উপযোগী একটি স্বয়ংক্রিয় ভাল্ব, চাপ নিয়ন্ত্রক (Pressuse regulator), ফুয়েল মিক্সার এবং তাপমাত্রা নির্ণয়ের জন্য গেজ থাকিবে।

বিধি ১৫৪। রূপান্তর সরঞ্জামাদির মান।-(১) রূপান্তর সরঞ্জামাদির ধরন ইঞ্জিনের ক্ষমতার সহিত যথাযথভাবে খাপ খাইতে হইবে, সরঞ্জামাদি নির্বাচন এবং স্থাপন প্রস্তুতকারীর নির্দেশনা অনুসারে করিতে হইবে।

(২) ইঞ্জিন প্রকোষ্ঠে ব্যবহৃত যন্ত্রাংশসমূহ ১২০ ডিগ্রি সেন্টিগ্রেড পর্যন্ত তাপমাত্রায় কার্যোপযোগী হইতে হইবে এবং অন্যান্য উপকরণ ৮২ ডিগ্রি সেন্টিগ্রেড পর্যন্ত তাপ মাত্রায় কার্যোপযোগী হইতে হইবে।

(৩) জ্বালানী সঞ্চালনের যন্ত্রাংশে নিম্নবর্ণিত বিষয়গুলি লেবেলকৃত অথবা খোদাইকৃত থাকিতে হইবে; যথাঃ-

(অ) প্রস্তুতকারীর নাম বা সংকেত;

(আ) যে মান সূচক বিনির্দেশ অনুযায়ী উপকরণটি তৈরী উহার নাম ও নম্বর;

(ই) ডিজাইন কার্যচাপ;

(ঈ) সঠিক সংযোজনের জন্য জ্বালানী প্রবাহের দিক নির্দেশনা; এবং

(উ) ক্ষমতা বা বৈদ্যুতিক রেটিং যাহা প্রযোজ্য।

বিধি ১৫৫। ধারণপাত্রের অবস্থান।-(১) ধারণপাত্র সুরক্ষিত অবস্থানে স্থাপিত হইবে যাহাতে ধাক্কাজনিত আঘাতে বিনষ্ট না হয়।

(২) ধারণপাত্রের কোন অংশ বা উহার সহিত সংযুক্ত কোন সরঞ্জাম মোটর যানের বাহিরে প্রসারিত থাকিবে না।

(৩) গাড়ীর পিছনের বাম্পারের খাড়া প্রান্তের পশ্চাতে বা সম্মুখ এক্সেলের সামনে জ্বালানী সরবরাহের ধারণপাত্র বা উহার সহিত সংযোজিত সরঞ্জাম স্থাপন করা যাইবে না।

(৪) এলপিজি ধারণপাত্র যানের নীচে সংযোজনের ক্ষেত্রে রাস্তার লেভেল ও ধারণপাত্রের মধ্যে অন্ত্যন ২০০ মি.মি ফাঁকা দূরত্ব বজায় রাখিতে হইবে।

(৫) এলপিজি ধারণপাত্র এমন ভাবে স্থাপিত হইবে যাহাতে আধারের তাপমাত্রা কোন ভাবে ৪৫ ডিগ্রি সেন্টিগ্রেডের উপরে না উঠে এবং কোন ক্ষেত্রেই এলপিজি ধারণপাত্র ও বর্জ্য ধোয়া নির্গমণ নলের মধ্যে ৭.৫ সে.মি. এর কম ফাঁকা জায়গা গ্রহণযোগ্য হইবে না;

(৬) এলপিজি আধার এমনভাবে স্থাপিত হইবে যাহাতে ভাল্ব হইতে গ্যাস নির্গত হইলে তাহা চালকের কক্ষে বা যাত্রী কক্ষে প্রবেশ করিতে না পারে।

বিধি ১৫৬। ধারণপাত্রে সংযুক্ত যন্ত্রাংশ।-(১) ধারণপাত্রে উহার আকারের সাথে সামঞ্জস্যপূর্ণ একটি বহুমুখী ভালভ (Multi Valve) সংযুক্ত থাকিবে। বহুমুখী ভালভে নিম্নবর্ণিত বিভিন্ন কার্য উপযোগী ভালভ থাকিবে। বহুমুখী ভালভ চুম্বক এর সাহায্যে কাজ করে এমন দণ্ডযুক্ত থাকিবে যাহা ধারণপাত্রে জ্বালানীর পরিমাণ নির্ণয় করিতে পারে।

- (ক) নন রিটার্ন ভাল্বযুক্ত ভর্তিকরণ সংযোগ (Filling Connection) এবং ভর্তিকরণ ভাল্ব (Filler valve);
- (খ) অতিরিক্ত প্রবাহ (Excess flow) নিয়ন্ত্রক ভাল্ব;
- (গ) প্রশমন ভাল্ব;
- (ঘ) স্বয়ংক্রিয় ভর্তি নিয়ন্ত্রক ভাল্ব (৮০% Stop valve);
- (ঙ) স্প্রিং নিয়ন্ত্রিত চাপ প্রশমন ভাল্ব (Spring Loaded pressure Relief Valve);
- (চ) স্বয়ংক্রিয়ভাবে এলপিজি বিচ্ছিন্নকরণ ভাল্ব (সলিনয়েড ভাল্ব);
- (ছ) তাপীয় ফিউজ ভাল্ব (Thermal fuse valve);

(২) সিলিভারের সার্ভিস প্রাপ্ত চিহ্নিতকরণ: যেখানে বাষ্প বা তরল টানিয়া নেওয়ার উভয় ব্যবস্থাই কার্যকর হইবে সে ক্ষেত্রে সিলিভারের প্রাপ্ত স্পষ্ট ও স্থায়ীভাবে বাষ্প বা তরল শব্দগুলি চিহ্নিত করিতে হইবে।

(৩) ভর্তিকরণ সংযোগ ব্যবস্থায় একটি ভর্তিকরণ ক্যাপ আবদ্ধ থাকিবে যাহা সিলিভারের ডিজাইন চাপ সহ্য করিতে সক্ষম।

(৪) দূরবর্তী ভর্তিকরণ সংযোগের অবস্থান- দূরবর্তী ভর্তিকরণ সংযোগ মোটরযানের বাহিরে সুরক্ষিত এবং বায়ু চলাচল ব্যবস্থা আছে এইরূপ স্থানে সংযুক্ত থাকিবে।

(৫) মোটরযানের সাথে ভর্তিকরণ সংযোগ এমনভাবে সংযুক্ত থাকিবে যাহাতে সংযুক্তির স্থায়ীকোন বিচ্ছৃতি না ঘটাইয়া মোটর যানের সম্মুখ ও পশ্চাত দিকে ৫০ কেজি আরোপিত বল সহ্য করিতে সক্ষম হয়।

(৬) সিলিভারের সাথে হস্তচালিত শাট অফ ভাল্ব সংযুক্ত থাকিবে যাহা অতিরিক্ত প্রবাহ ভাল্ব (Excess flow Valve) এর ভাটিতে (down stream) সংযুক্ত হইবে। শাট অফ ভাল্ব এর সাথে অতিরিক্ত প্রবাহ ভাল্ব একীভূত থাকিলে উহা সরাসরি সিলিভারের সাথে সংযুক্ত হইবে। ইঞ্জিন বন্ধ অবস্থায় দহন সুইচ (igniton Switch) বন্ধ বা চালু যে কোন অবস্থায় ভালভের নিয়ন্ত্রণ ব্যবস্থা ইঞ্জিনে জ্বালানী গ্যাস প্রবাহ স্বয়ংক্রিয় ভাবে বন্ধ করিবে এবং ইঞ্জিন চালু না হওয়া পর্যন্ত উহা বন্ধ থাকিবে।

(৭) উপরের উপবিধি (৬) এ যাহাই থাকুক না কেন তরল ইনজেকশন ব্যবস্থায় (Liquid Injection system) গ্যাস বুদবুদ শোধন করার জন্য জ্বালানী পূর্ণ চক্রায়নের প্রয়োজন হইলে এলপিজি দ্বারা ইঞ্জিন চালুর পূর্বে ১০ সেকেন্ড এর বেশী নয় এমন সময় বন্ধ করণ ভালভ খোলা থাকিবে।

(৮) তরল পরিমাপক নির্দেশক (liquid level indicator) ধারন পত্রের জন্য উপযুক্ত হইতে হইবে এবং উহা যথোপযুক্ত অবস্থানে স্থাপন করিতে হইবে।

(৯) স্প্রিং নিয়ন্ত্রিত চাপ প্রশমন ভালভ ধারন পত্রের বাষ্পীয় অংশের সাথে এমনভাবে সংযুক্ত থাকিবে যাহাতে পার্শ্ববর্তী স্থানে নিঃসরণ করিতে পারে; উচ্চ তাপে (অগ্নিদুর্ঘটনায়) অথবা অত্যধিক চাপে এই ভালভ কার্যকর হইবে।

(১০) স্বয়ংক্রিয় ভর্তি নিয়ন্ত্রক (automatic Filling level limiter, 80% stop velve), ধারনপত্রের জন্য উপযুক্ত হইতে হইবে এবং যথোপযুক্ত স্থানে এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে ধারনপাত্র ৮০% এর অধিক ভর্তি হইতে না পারে;

(১১) এলপিজি বিচ্ছিন্নকরণ ভালভ (সলিনয়েড ভালভ):- বহুমুখী ভালভে (Multi Valve) একটি এলপিজি সলিনয়েড ভালভ সংযুক্ত থাকিবে যাহা ইঞ্জিন বন্ধ থাকিলে বা পেট্রোল দ্বারা চালিত হইলে বা দুর্ঘটনায় সিলিভার থেকে ইঞ্জিনে এলপিজি পরিবহন লাইন ভাঙ্গিয়া গেলে মজুদ সিলিভার হইতে এলপিজি প্রবাহ বন্ধ করিবে।

(১২) তাপীয় ফিউজ ভালভ (Thermal fuse valve); কেবলমাত্র অগ্নিদুর্ঘটনায় অতি উচ্চ তাপ মাত্রায় ধারনপাত্র খালি করার ক্ষেত্রে এই ভালভ কার্যকারী হইবে।

বিধি ১৫৭। বর্মাচ্ছাদন;- (১) উপযুক্ত স্থানে স্থাপনের মাধ্যমে বা পৃথক বর্মের সাহায্যে ধারণপাত্র ও তৎসংযুক্ত যন্ত্রাংশকে যথোপযুক্তভাবে আচ্ছাদিত করিতে হইবে যাহাতে ঘূর্ণায়মান স্যাফট এর বিচ্যুতির ফলে এবং ধাবমান বস্তু বা বাহির হইতে নিষ্ক্ষিপ্ত কোন বস্তুর আঘাতে বা অন্য কোনভাবে এলপিজি ধারণপাত্র ক্ষতিগ্রস্ত হইতে না পারে।

বিধি ১৫৮। বায়ু চলাচল ব্যবস্থা;- (১) গাড়ীর প্রকোষ্ঠের ভিতরে এলপিজি ধারণপাত্র স্থাপিত হইলে বহুমুখী ভালভ (Multi valve)- কে এমনভাবে আচ্ছাদিত রাখিতে হইবে যাহাতে বহুমুখী ভালভ হইতে নির্গত গ্যাস গাড়ীর প্রকোষ্ঠে প্রবেশ না করে এবং উক্ত কক্ষে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা রাখিতে হইবে।

(২) নির্গত কোন গ্যাস যাহাতে নিরাপদে বাহিরে নির্গমিত হইতে পারে সেইজন্য বহুমুখী ভালভের আচ্ছাদনে নির্গমন পাইপ স্থাপনের ব্যবস্থা করিতে হইবে।

(৩) বায়ু চলাচল ব্যবস্থা এলপিজি ধারণপাত্রের চাপ প্রশমন ব্যবস্থা বা চাপ প্রশমন প্রণালীর (channel) পরিচালন ব্যত করিবে না।

বিধি ১৫৯। ধারণপাত্র স্থাপন।-(১) প্রতিটি ধারণপাত্রে তাক (Rack) যানবাহনের গায়ে, তালায় বা কাঠামোর সহিত এমন পদ্ধতিতে দৃঢ়ভাবে সংযুক্ত করিতে হইবে যাহাতে যানের লম্বালম্বি অক্ষের দিকে গ্যাস ভর্তি ধারণপাত্রের ওজনের বিশৃঙ্খল স্থিরবল (static force) এবং অন্য যে কোন দিকে আটগুন স্থিরবল সহ্য করিয়া সড়ক দুর্ঘটনা, পিছলাইয়া পড়া, ঢিলা হইয়া যাওয়া বা ঘূর্ণনের ফলে ধারণপাত্রের ক্ষতি প্রতিহত হয়।

(২) সংযুক্তিকরণ পদ্ধতি এমন হইবে যাহাতে ধারণপাত্রের খোল (shell) পীড়ন বা ক্ষয় প্রাপ্ত না হয়।

(৩) ধারণপাত্র আটকাইবার উপকরণ ও পদ্ধতিতে ধারণপাত্র ও আটকাইবার কাঠামোর মধ্যে গ্যাসকেট (gasket) এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে আন্দোলনজনিত ক্ষয় না হয়।

(৪) এলপিজি ধারণপাত্রের ভর নির্গমন ভালভ বা অন্যান্য সংযুক্ত যন্ত্রাংশের উপর আরোপ করা যাইবে না।

(৫) এলপিজি ধারণপাত্রকে কোন অবস্থাতেই গাড়ীর সাথে ওয়েলডিং এর মাধ্যমে সংযুক্ত করা যাইবে না।

(৬) এলপিজি ধারণপাত্রকে কোন অবস্থাতেই গাড়ীর সাথে এমনভাবে সংযুক্ত করা যাইবে না যাহাতে উহা গাড়ীর গঠন কাঠামোর অংশে পরিণত হয়।

বিধি ১৬০। এলপিজি ধারণপাত্রের উপরিতলের প্রক্রিয়াকরণ।-(১) এলপিজি ধারণপাত্র স্থাপনের পূর্বে স্টেইনলেস স্টিল ধারণপাত্র ব্যতীত অন্য স্টিল ধারণপাত্রের উপরিতলে বাহ্যিক ক্ষয় প্রতিরোধের লক্ষ্যে ক্ষয় প্রতিরোধী রং লাগাইতে হইবে এবং ব্যবহারের পূর্বে ধারণপাত্রে বহির্গাত্র যথোপযুক্তভাবে প্রস্তুত করিতে হইবে।

(২) সকল ধারণপাত্রের গায়ে প্রাথমিক আবরণ হিসাবে এ্যালকাইড জিংক ক্রোমেট বা সমমানের প্রাথমিক আবরণ ব্যবহার করিতে হইবে।

দ্বিতীয় অংশ এলপিজি নিয়ন্ত্রণ যন্ত্র

বিধি ১৬১। নিয়ন্ত্রণ যন্ত্রের সাধারণ বিধানাবলী;- (১) ধারণপাত্রস্থিত এলপিজি চাপ হ্রাস করিয়া ইঞ্জিনে সরবরাহের উদ্দেশ্যে এলপিজি বায়ু মিশ্রণে রূপান্তরের জন্য প্রয়োজনীয় এলপিজি নিয়ন্ত্রণ সরঞ্জাম সামগ্রিকভাবে বা উপকরণ যে হিসাবেই হউক না কেন, এই অংশের বিধানাবলী পরিপালন করিবে।

বিধি ১৬২। নিয়ন্ত্রণ যন্ত্রের যন্ত্রাংশ।-(১) নিয়ন্ত্রণ যন্ত্র ন্যূনপক্ষে নিম্নলিখিত যন্ত্রাংশ দ্বারা গঠিত হইবেঃ-

- (ক) সার্ভিস সাট অফ ভালভ;
- (খ) স্বয়ংক্রিয় সাট অব ভালভ;
- (গ) এলপিগ সলিনয়েড ভালভ
- (গ) রেগুলেটর;
- (ঘ) রিডিউসার / ভ্যাপারাইজার (Reducer, Vaporiser)
- (ঙ) ছাকনী (filter)
- (চ) গ্যাস-বায়ু মিশ্রণ যন্ত্র;
- (ছ) জ্বালানী পরিবর্তন ব্যবস্থা (fuel change-over);
- (জ) জ্বালানী নির্বাচক নিয়ন্ত্রক (fuel selection control); এবং
- (ঝ) চাপ নির্দেশক (pressure indicator)

(২) ইঞ্জিন প্রকোষ্ঠ সিলিভার ভালভ ও অন্য কোন ভালভ বা যন্ত্রাংশের মধ্যে উচ্চ চাপ পাইপ লাইনে যতদূর সম্ভব রেগুলেটরের কাছে একটি সার্ভিস সাট অব ভালভ স্থাপন করিতে হইবে, যাহাতে সব সময় ভালভকে সহজে ব্যবহার করা সম্ভব হয় এবং এই ভালভের প্রকৃতি চিহ্নিতকরণের জন্য স্থায়ীভাবে এলপিগি সার্ভিস সাট অব ভালভ” বা অনুরূপ শব্দের লেবেল লাগাইতে হইবে এবং ভালভের বন্ধ ও খোলা দিক নির্দেশক চিহ্ন সুস্পষ্টভাবে চিহ্নিত থাকিতে হইবে।

(৩) ইঞ্জিন বন্ধ অবস্থায়, এমনকি দহন সুইচ (ignition switch) চালু থাকিলেও ইঞ্জিনে জ্বালানী গ্যাস প্রবাহ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ রাখিবার জন্য এই প্রক্রিয়ায় একটি এলপিগি সাট অব ভালভ স্থাপন করিতে হইবে।

(৪) তরল এলপিগি-কে উত্তপ্ত করিয়া বাষ্প পরিণত এবং এলপিগি ও বায়ুর মিশ্রণকে সঠিক অনুপাতে রাখিয়া ইঞ্জিনে উহার প্রবাহকে নিয়ন্ত্রণের জন্য ভ্যাপারাইজার স্থাপন করিতে হইবে উহা গ্যাস ইঞ্জিন ঠান্ডা করিবার পানি ও বৈদ্যুতিক সার্ভিসের সহিত যুক্ত থাকিবে। ভ্যাপারাইজারকে ধারণপাত্রের ডিজাইন চাপে হইতে হইবে এবং এলপি গ্যাসের ক্ষয়কারী প্রভাব প্রতিরোধে সক্ষম এমন পদার্থ দ্বারা তৈরী হইতে হইবে। ভ্যাপারাইজারের ধরন অনুসারে ধারণপাত্রের চাপকে দুই বা তিন ধাপে কমানিয়া মিস্সারের উপযোগী হয় এমন কার্যকরী চাপে রাখিতে হইবে।

(৫) ভ্যাপারাইজার এর খুব কাছে বনেটের নিচে এলপিগি বন্ধকরণ সলিনয়েড স্থাপন করিতে হইবে এলপিগি নির্গমন পাইপের দৈর্ঘ্য, ৩০সেমি এর কম হইতে হইবে। ইঞ্জিন বন্ধ অবস্থায় বা ইঞ্জিন পেট্রোল দ্বারা চালিত হইলে এই ব্যবস্থায় ইঞ্জিনে গ্যাস প্রবাহ বন্ধ থাকিবে পুনরায় এলপিগি দ্বারা চালনা করিতে হইলে কেবিনে স্থাপিত সুইচের সাহায্যে ভ্যাপারাইজার সলিনয়েড কার্যকর করিতে হইবে।

(৬) গাড়ীর নিয়ন্ত্রণ যন্ত্র এমনভাবে সংযুক্ত করিতে হইবে যেন-

- ক) গাড়ীর ঝুঁকিপূর্ণ অবস্থায় নিরাপদ থাকে;
- (খ) উহা সুবিধাজনক স্থানে ও নিরাপদে থাকে;
- (গ) উহা নিয়মিত রক্ষণাবেক্ষণ, উপযোজন এবং পরিদর্শনের সুবিধা হয়;
- (ঘ) উহা বর্জ্য ধূয়া নির্গমন ব্যবস্থা হইতে যতদূর সম্ভব বেশী দূরত্বে স্থাপিত হয় এবং যেই ক্ষেত্রে দূরত্ব ১৫ সে.মি. এর কম সেই ক্ষেত্রে এমনভাবে আচ্ছাদিত থাকে। যাহাতে উহা বিকিরিত তাপ হইতে রক্ষা পায় এবং কোন কারণে ধূয়া নির্গমন ব্যবস্থা অকার্যকর হইলে নির্গত বর্জ্য ধূয়ার ক্ষতিকর প্রভাব হইতে রক্ষা পায়।
- (ঙ) উহা যুক্তিযুক্তভাবে সংঘর্ষজনিত আঘাত হইতে সুরক্ষিত থাকে;
- (চ) সকল হোস পাইপ পর্যাপ্ত ভাবে নড়াচড়ার ব্যবস্থা থাকে;

(ছ) জল চক্রায়ন ব্যবস্থা (water recycling system)/ পানি সঞ্চালন পদ্ধতি (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রস্তুতকারীর নির্দেশ অনুযায়ী সংযুক্ত হয় এবং মূল যন্ত্রের পানির প্রবাহ বন্ধ হয় এমন প্রবাহ নিয়ন্ত্রণ ভালভ স্থাপন করা না হয়।

(৭) রেগুলেটরের যন্ত্রাংশের সামান্য আগে এলপিগি জ্বালানী লাইনে শেষ প্রান্তে রেগুলেটরের যন্ত্রাংশের জন্য ক্ষতিকর এমন ক্ষুদ্র ক্ষুদ্র ভাসমান পদার্থ জ্বালানী হইতে দূর করিতে সক্ষম এইরূপ একটি ছাকুনী (filter) লাগাইতে হইবে।

(৮) ইঞ্জিনের প্রয়োজন অনুযায়ী সঠিক অনুপাতে বাতাস ও গ্যাসের মিশ্রণ তৈরীর ‘গ্যাস-বায়ু মিশ্রণ যন্ত্র (gas – air mixture) নিরাপদভাবে যথাসম্ভব কার্বুরেটরের কাছে সংযুক্ত করিতে হইবে এবং ইঞ্জেকশান টাইপ যানের ক্ষেত্রে সরাসরি বায়ু প্রবেশে মুখের সাথে সংযুক্ত করিতে হইবে এবং দূরবর্তী অংশে সংযুক্ত করা হইলে যথোপযুক্ত ভাবে সুরক্ষিত করিতে হইবে, যাহাতে উহা নিজ ওজন ও আরোপিত ভর বহনে সক্ষম হয়।

(৯) গ্যাস-বায়ু মিশ্রণ যন্ত্রের নিম্নমুখী প্রবাহে কোন বাতাস-ছাকুনী (air filter) সংযুক্ত থাকিবে না।

(১০) গ্যাসের সহিত বায়ু মিশ্রণের পূর্বেই কোন অগ্নিস্কুলিঙ্গ প্রতিহত করিবার জন্য অগ্নিস্কুলিঙ্গ প্রতিহতকারী ভালভ (Anti- backfire valve) সংযুক্ত করিতে হইবে।

(১১) দ্বি-জ্বালানী চালিত ইঞ্জিনের ক্ষেত্রে ইঞ্জিন ও প্রতিটি জ্বালানী পাম্পের মাঝখানে স্বয়ংক্রিয় বন্ধকরণ ভালভ স্থাপন করিতে হইবে, যাহাতে কোন এক প্রকার জ্বালানীর প্রয়োজন না হইলে উহার প্রবাহ বন্ধ রাখা যায় এবং অন্য প্রকার জ্বালানীর প্রবাহ নিরবচ্ছিন্ন থাকে। উক্তরূপ ভালভ বিধি ১৩১(৩) এ উল্লিখিত স্বয়ংক্রিয় সাট অব ভালভ-এর অনুরূপ ও সম্পূরক হইবে।

(১২) দ্বি-জ্বালানী চালিত ইঞ্জিনের ক্ষেত্রে দুইটি জ্বালানীর যে কোনটি নির্বাচনের জন্য কমপক্ষে তিনটি স্থানে সুস্পষ্টভাবে চিহ্নিত উক্ত দুইটি জ্বালানীর নাম সম্বলিত নির্বাচক সুইচ (selection switch) স্থাপন করিতে হইবে, নির্বাচক সুইচ গাড়ীচালক বা যন্ত্রচালকের নাগালের মধ্যে স্থাপিত হইবে। ইলেকট্রনিক ফুয়েল ইঞ্জেকশান সম্বলিত যানের ক্ষেত্রে দুইটি স্থানে সুইচ স্থাপন গ্রহণযোগ্য হইবে।

(১৩) রেগুলেটর বা ফিল পয়েন্টে বিশেষতঃ ইঞ্জিন প্রকোস্টে, কার্যরত ব্যক্তিদের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে এলপিগি সিলিভারের চাপ নির্দেশের জন্য একটি চাপ নির্দেশক মিটার স্থাপন করিতে হইবে এবং একটি অতিরিক্ত গেজ বা ইলেকট্রনিক গেজ গাড়ীচালকের কক্ষে স্থাপন করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, উক্ত কক্ষে সিলিভার বা পাইপ হইতে গ্যাস নিঃসরণ বন্ধের জন্য গেজকে পৃথক রাখিতে হইবে।

বিধি ১৬৩। এলপিগি জ্বালানী লাইন (পাইপ/হোস)-(১) এলপিগি জ্বালানী লাইন আন্তর্জাতিকভাবে স্বীকৃত স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুযায়ী নির্মিত হইতে হইবে।

(২) এলপিগি পাইপিং পেটানো লোহা বা ইস্পাত (কালো বা গ্যালভানাইজড) অথবা তামার উপাদান দ্বারা তৈরী হইবে। ঢালাই লোহার পাইপ ফিটিংস ব্যবহার করা যাইবে না।

বিধি ১৬৪। চাপ সহনীয় নমনীয় হোস পাইপ:- (১) এলপিগি তে ব্যবহারের জন্য নমনীয় হোস পাইপ যে বিনির্দেশ অনুযায়ী নির্মিত উহার শর্তাবলী পালন করিতে হইবে।

(২) প্রতিটি হোস পাইপের সংযোগস্থলে ৩৫০ পিএসআই কার্যকরী চাপ স্পষ্টভাবে চিহ্নিত থাকিবে এবং উহা এলপিগি ব্যবহারের বোঝানোর জন্য “এলপি” বা অন্য কোন চিহ্ন দ্বারা সনাক্ত করিতে হইবে।

(৩) স্থাপনের পূর্বে হোস পাইপের সরঞ্জামাদি ২৫০ পিএসআই চাপে পরীক্ষিত হইতে হবে।

বিধি ১৬৫। যানে পাইপ এবং হোস স্থাপন:- (১) এলপিগিজি জ্বালানী লাইন যানের অভ্যন্তরে চালক বা যাত্রী বসিবার স্থানে স্থাপন করা যাইবে না।

(২) সকল জ্বালানী লাইন এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে উহা ঘর্ষন, দুর্ঘটনাজনিত কারণে বা যানের চাকা/টায়ারে বাহির হইতে নিষ্ক্ষিপ্ত বস্তুর আঘাত প্রতিহত করিতে পারে।

(৩) জ্বালানী লাইন সংক্ষিপ্ত পথে স্থাপন করিতে হইবে। পাইপে কোন সংযুক্তি পরিবর্তে একটি পাইপের মাধ্যমে সংযোগ কার্যকরী হইবে। বহুমুখী ভালভ এবং এলপিগিজি সলিনয়েড ৬ মি.মি ব্যাসের কপার পাইপ দ্বারা সংযুক্ত থাকিবে যাহা যানের বাহিরে থাকিবে। ফিলিং পয়েন্ট এবং বহুমুখী ভালভ মধ্যে ৮ মি.মি কপার পাইপ দ্বারা সংযুক্ত থাকিবে। যদি ধারণপাত্র যানের মধ্যে স্থাপন করা হয় তবে জ্বালানী লাইনের পথ বায়ু নিরোধী একটি বাস্তের মধ্যে স্থাপন করিতে হইবে।

(৪) জ্বালানী লাইন ৬০০ মিলি মিটার কম নয় এমন ব্যবধানে মজবুত ভাবে আটকানো থাকিবে এবং যানের বর্জ্য ধূয়া নিগর্মন স্থান হইতে অন্যান্য ২৫০মি.মি দূরে থাকিতে হইবে।

বিধি ১৬৬। সংযুক্তি এবং সংযোগ:- (১) জ্বালানী লাইনের সংযোগ এলপিগিজি ব্যবহার উপযোগী হইতে হইবে।

(২) ৫ পিএসআই এর অধিক তবে অনদিক ১২৫ পিএসআই কার্যকরী চাপে বাষ্প (Vaporiser) এলপি- গ্যাস এর জন্য ব্যবহৃত সংযুক্তিসমূহ নূন্যতম ১২৫ পিএসআই চাপে ডিজাইনকৃত হইতে হইবে।

(৩) ৫ পিএসআই অধিক চাপে এলপি-গ্যাস তরল বা বাষ্পীয় পরিবাহী হোস, হোস সংযুক্তি এবং নমনীয় সংযোগসমূহ এলপি গ্যাসের বাষ্প বা তরল উভয়বিধ ক্ষতিকর প্রভাব মুক্ত হইবে এমনভাবে নির্মিত হইতে হইবে।

(৪) ১২৫ পিএসআই এর অধিক কার্যকরী চাপে তরল এলপি-গ্যাস অথবা বাষ্প এলপি-গ্যাস এ ব্যবহৃত সংযুক্তিসমূহ অন্যান্য ২৫০ পিএসআই তে ডিজাইনকৃত হইতে হইবে।

(৫) সকল সংযোগ স্থাপনের পর জ্বালানী সংযোগসমূহ অন্যান্য ৭০০ পিএসআই চাপ সহন ক্ষমতা সম্পন্ন হইবে এইরূপে ডিজাইনকৃত হইতে হইবে।

বিধি ১৬৭। রূপান্তর সরঞ্জামের যে কোন অংশ এই অধ্যায়ের বিধানের সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।

বিধি ১৬৮। রূপান্তর যন্ত্রপাতির ধরণ: কোন রূপান্তর কারখানা বা ব্যক্তি এলপিগিজি রূপান্তর যন্ত্রপাতি ব্যবহার করিতে পরিবেন না যদি না:-

(অ) যন্ত্রপাতিগুলি UNECF67 বা UNECE115 বা প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক স্বীকৃত কোন বিনির্দেশ অনুযায়ী হয়;

(আ) যে গাড়ী রূপান্তর করা হইবে তাহার জন্য নিরাপদ হয়;

(ই) রূপান্তর যোগ্য গাড়ীর জন্য যুৎসই হয়।

বিধি ১৬৯। উপযুক্ত প্রকৌশলী:-

(১) উপযুক্ত প্রকৌশলী এলপিগিজি রূপান্তর কাজে যোগ্য মর্মে প্রধান বিস্ফোরক পরিদর্শক বা হার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হইতে যোগ্য প্রকৌশলী রূপে অনুমোদন গ্রহণ করিতে হইবে;

(২) বিধি ৩ এ উল্লিখিত প্রকৌশলী তাহার যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদসহ যোগ্য প্রকৌশলী হিসাবে স্বীকৃতির জন্য প্রধান বিস্ফোরক পরিদর্শক এর নিকট আবেদন করিবেন। প্রধান বিস্ফোরক পরিদর্শক এর নিকট যোগ্য বিবেচিত হইলে তিনি অনুমোদন প্রদান করিবেন অন্যথায় আবেদন প্রত্যাহ্যান করিবেন;

(৩) উপযুক্ত প্রকৌশলী গাড়ীর রূপান্তর সময় নিম্নলিখিত বিষয়গুলি প্রতিপালন করিবেন। যথা-

(অ) প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক স্বীকৃত বা জারীকৃত কোন কোড অব প্রাকটিস, বিনির্দেশ বা গাইড লাইন অনুসারে পরিপূর্ণ কারিগরী দক্ষতার সাথে রূপান্তর যন্ত্রপাতি স্থাপন;

- (আ) রূপান্তর যন্ত্রপাতির নির্মাতা কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসরণ;
- (ই) অন্য গাড়ীতে ব্যবহৃত রূপান্তর যন্ত্রপাতি ব্যবহার করিবেন না;
- (ঈ) প্রতিটি গাড়ীর রূপান্তর যন্ত্রপাতি সহ রূপান্তর সংক্রান্ত সকল তথ্যাদি একটি রেজিস্টারে কমপক্ষে ১০ বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবেন;
- (উ) রূপান্তরের পর উপযুক্ত ইঞ্জিনিয়ার নিম্নরূপে একটি সনদপত্র গাড়ীর মালিকে প্রদান করিবেন, যথা “এই মর্মে নিশ্চয়তা প্রদান করা যাইতেছে যে, এলপিজি বিধিমালা ২০০৪ এর নির্দেশনা অনুযায়ী রেজিস্ট্রেশন নম্বর....., মোটরযানটি আমার তত্ত্বাবধানে এলপিজি রূপান্তর যন্ত্রপাতি স্থাপন, পর্যবেক্ষণ ও পরীক্ষা করা হইয়াছে এবং জনসাধারণের ব্যবহারের জন্য নিরাপদ”।
- (ঊ) উপযুক্ত ইঞ্জিনিয়ার এই বিধিমালার রূপান্তর সংক্রান্ত কোন বিধি ভঙ্গ করিলে তাহাকে প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক রূপান্তর কার্যপরিচালনার জন্য অনুপযুক্ত ঘোষণা করিবেন এবং তিনি ১০ হাজার টাকা জরিমানা ও ২ বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন;
- (ঋ) রূপান্তরিত মোটরযানের মালিক উপবিধি ৫ এর উপ-উপবিধি (উ) এ উল্লিখিত সনদ সব সময় গাড়ীতে সংরক্ষণ করিবেন।

একাদশ অধ্যায়

১৮। বিধি ১৭০ এর উপবিধি (১) এর টেবিল এ ৩ নম্বর ও ক্রমিক এর পর নিম্নরূপ (৪) ক্রমিক সংযোজিত হইবে; যথা:-

(১)

ক্রমিক নং	ডবষয়	তফসিল ২ এর প্রযোজ্য ফরম
১	২	৩
(৪)	রেটিকুলেটড পদ্ধতিতে এলপিজি মজুদ ও ব্যবহারের জন্য লাইসেন্স এর আবেদন।	“ঝা”

(২) বিধি ১৫৬ এর উপবিধি (৮) এর টেবিল এ নিম্নরূপ প্রতিস্থাপন ও সংযোজন হইবে; যথা:-

টেবিল

ক্রমিক নং	ডবষয়	তফসিল ২ এর প্রযোজ্য ফরম
১	২	৩
(১)	এলপিজি আমদানির লাইসেন্স	“গা”
(৫)	রেটিকুলেটড পদ্ধতিতে এলপিজি মজুদ ও ব্যবহারের জন্য লাইসেন্স এর আবেদন।	“এঃ”

১৯। তফসীল-১ এ ৪ নম্বর ক্রমিক এর পর নিম্নরূপ ৫ নম্বর ক্রমিক সংযোজন হইবে; যথা:-

ক্রমিক নং	ফরম	যে উদ্দেশ্যে লাইসেন্স প্রদত্ত	লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪
(৫)	“এ৩”	রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি মজুদ ও ব্যবহারের লাইসেন্স মঞ্জুর।	প্রধান বিস্ফোরক পরিদর্শক

২০। তফসীল-২ এ ফরম “জ” এর পর নিম্নরূপ “ঝ”, “এ৩”, “ট”, “ঠ”, “ড” ফরম সংযোজিত হইবে।

ফরম-ঝ

[বিধি ১৭০ দ্রষ্টব্য]

রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি মজুদকরণের আবেদনপত্র

- ১। দরখাস্তকারীর পূর্ণ নাম :
- ২। দরখাস্তকারীর পূর্ণ ঠিকানা :
- ৩। রেটিকুলেটেড ব্যবস্থা স্থাপনকারী প্রতিষ্ঠানের
সরকারী অনুমোদন/মঞ্জুরী পত্রের নম্বর ও তারিখ
(সত্যায়িত ফটো কপি সংযুক্ত করিতে হইবে) :
- ৪। (ক) ডিলারের নাম ও ঠিকানা :
(খ) প্রিন্সিপালের নাম ও ঠিকানা :
- ৫। প্রস্তাবিত রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি মজুদ প্রাপ্তির অবস্থান -
জেলা :
উপজেলা/থানা :
গ্রাম/শহর/মৌজা :
কারখানা/বহুতল ভবনের নাম ও হোল্ডিং নং :
খতিয়ান ও দাগ নং/প্লট নং :
- ৬। প্রস্তাবিত রেটিকুলেটেড পদ্ধতির বর্ণনা-
(ক) ব্যবহৃত সিলিভারের ধারণক্ষমতা ও সংখ্যা :
(খ) প্রস্তাবিত গ্যাসাধারের সংখ্যা ও ধারণক্ষমতা :
(গ) ভ্যাপারাইজারের ধরণ ও ক্ষমতা ঘনমিটার/ঘন্টা :
- ৭। গ্যাস মজুদ করা হইলে উহার ধরণ-
গ্যাসাধারে/ গ্যাস সিলিভারে :
- ৮। (ক) যে গ্যাস কোম্পাণীর নিকট হইতে এলপিজি
সরবরাহ নেওয়া হইবে উহার নাম :
(খ) সরবরাহকারী গ্যাস পাইপ লাইনের ব্যাস ও কার্য চাপ :
৯। ফরমে উল্লিখিত সকল শর্তাবলী প্রস্তাবিত প্রাপ্তি পালন
করে কি না অথবা উহা পালনের উপযোগিতা আছে কি না :
১০। প্রাপ্তি ইতিপূর্বে সিলিভারে/আধারে এলপিজি মজুদ,
আধারে এলপিজি ভর্তি করা হইয়াছে কিনা। :
১১। অতিরিক্ত তথ্য, যদি থাকে :
১২। মন্তব্য :

আমি/ আমরা এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরের তথ্যাবলী যাচাই করা হইয়াছে এবং উহা সত্য। আমি/আমরা অঙ্গীকার করিতেছি যে, Explosives Act, 1884 ও তদধীন প্রণীত এলপিজি বিধিমালা, ২০০৪ এবং মঞ্জুরীতব্য লাইসেন্সের শর্ত পালন করিয়া উপরোক্ত প্রাপ্তি এলপিজি সিলিভারে বা আধারে এলপিজি মজুদ করিব। আমি/আমরা অবহিত আছি যে, উক্ত অ্যাক্ট বা বিধিমালার কোন বিধান এবং লাইসেন্সের কোন শর্ত লঙ্ঘনকারী প্রথম অপরাধের জন্য ২ (দুই) বৎসর পর্যন্ত কারাদণ্ড বা ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত অর্থদণ্ড

অথবা উভয় দণ্ড এবং পরবর্তী প্রত্যেক অপরাধের জন্য ৫ (পাঁচ) বৎসরের কারাদণ্ড বা ১,০০,০০০ (এক লক্ষ) টাকা জরিমানা অথবা উভয় দণ্ডে দণ্ডনীয়।

তারিখ :

দরখাস্তকারীর স্বাক্ষর

টীকা : দরখাস্তের সহিত দাখিলতব্য কাগজপত্র ;

(১) বিধি ১৭০(৪) অনুযায়ী ৫ খানা নকশা ;

(২) বিধি ১৭০(৯) অনুযায়ী প্রয়োজনীয় ফি প্রদানের ট্রেজারী চালান।

ফরম 'এ৩'

[তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১৭০ দ্রষ্টব্য]

শিল্প কারখানা/রান্নার কাজে বহুতল বাস ভবনে গুচ্ছ সিলিন্ডার বা বাস্ক আকারে মজুদ ও পাইপের মাধ্যমে এলপিজি সরবরাহ এর লাইসেন্স মঞ্জুর।

নং

ফি:

এতদ্বারা বিস্ফোরক অ্যাক্ট, ১৮৮৪ ও তদধীন প্রণীত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধানাবলী এবং অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এতদসংযুক্ত নকশায় প্রদর্শিত ও নিম্নবর্ণিত প্রাপ্তি, গুচ্ছ সিলিন্ডার/ট্যাংক বা বাস্ক আকারে মজুদ ও পাইপের মাধ্যমে এলপিজি সরবরাহ এর লাইসেন্স মঞ্জুর প্রসঙ্গে।

এই লাইসেন্স ৩১ শে ডিসেম্বর, ২০ সাল পর্যন্ত বলবৎ থাকিবে।

তারিখ:

লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ

নকশা নং

তারিখ:

লাইসেন্সকৃত প্রাপ্তির অবস্থান ও বর্ণনা

আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, এতদ্বারা লাইসেন্সকৃত মজুদাগার/প্রাপ্তি তারিখে
কর্তৃক পরিদর্শন করা হইয়াছে যিনি মজুদাগারটি এতদসংযুক্ত
অনুমোদিত নকশা অনুসারে এবং লাইসেন্সের শর্ত নং এবং বিধি এর পরিপালন দেখিতে
পাইয়াছেন মর্মে প্রত্যয়ন করিয়াছেন।

লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ

নবায়নের তারিখ	মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ	লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

পরিদর্শনকালে এতদসংযুক্ত বর্ণনা ও শর্তাবলী অনুসারে লাইসেন্সকৃত প্রাঙ্গণ পরিদৃষ্ট না হইলে এই লাইসেন্স বাতিল হইয়া যাইবে এবং যে সমস্ত বিধি ও শর্তাবলীর অধীন এই লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে উহার কোন একটির লঙ্ঘনের প্রথম অপরাধের জন্য ২(দুই) বৎসর পর্যন্ত জেল বা ৫০,০০০ টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়বিধ দণ্ড আরোপ করা যাইতে পারে এবং পরবর্তী প্রত্যেক অপরাধের জন্য ৫ বৎসর পর্যন্ত জেল বা ১(এক) লক্ষ টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়বিধ দণ্ড আরোপ করা যাইতে পারে।

শর্তাবলী

- ১। মজুদ ট্যাংক/সিলিন্ডার গুচ্ছ এলপিগিজ মজুদ স্থাপনায় পর্যাপ্ত বায়ু চলাচল করিতে পারে এমন ভূ-উপরস্থ (Ground level) লেভেলে মূল ভবনের বাহিরে স্থাপিত করিতে হইবে;
- ২। বিল্ডিং বাউন্ডারীর ভিতরে বিশেষভাবে তৈরী কক্ষে এই অনুচ্ছেদে উল্লিখিত নিরাপত্তা ব্যবস্থা প্রয়োগ করিয়া সিলিন্ডার গুচ্ছ স্থাপন করা যাইবে। উক্ত পদ্ধতিতে বহিরাঙ্গণ মজুদ হিসাবে গণ্য করা যাইবে। এই ক্ষেত্রেও বহিরাঙ্গণ মজুদ ব্যবস্থার জন্য প্রয়োজ্য নিরাপত্তা দূরত্ব ও নিরাপত্তা ব্যবস্থা বজায় রাখিতে হইবে।
- ৩। কক্ষটির মেঝে মসৃণ হইতে হইবে। সিলিন্ডার নাড়াচাড়ার সময় স্পার্ক সৃষ্টি করিতে পারে এমন খসখসে হইবে না। কক্ষটির ১.৫ মিটার প্রস্থ দরজা থাকবে যাহা ভবনের বিপরীত দিকে হইবে এবং বাহিরের দিকে খুলিবে।
- ৪। ট্যাংক বা সিলিন্ডার গুচ্ছ কোন বসত বাড়ির ভিতর, বিল্ডিং এর বেইসমেন্ট, কোন গভীর নালা বা অন্য কোন নীচ স্থানের নিকটে যেখানে ছিদ্র হইতে নিঃসৃত এলপিগিজ বাতাসে মিলিয়া যাইতে বাধাগ্রস্ত হয় বা হয়ে থাকে এমন স্থানে স্থাপন করা যাইবে না ;
- ৫। স্কুল, হাসপাতাল, বৃদ্ধানিবাস বা লোকসমাগম হয় এমন স্থানের ১০০ মিটারের মধ্যে এলপিগিজ মজুদের স্থাপনা ও ফিলিং পয়েন্ট স্থাপন করা যাইবে না;
- ৬। স্থাপনার চারিদিকে কমপক্ষে ১ মিটার প্রশস্ত জায়গা পাকা করিতে হইবে এবং পাকা অংশের বাহিরের দিকে কমপক্ষে ২ মিটার পরিমাণ জায়গা বৃক্ষ গুল্ম ও লম্বা ঘাস মুক্ত রাখিতে হইবে;
- ৭। পুনঃভর্তিকরণের জন্য আগত গাড়ী যাহাতে সহজে ট্যাংক বা সিলিন্ডার গুচ্ছের কাছে যাতায়াত করিতে পারে এবং জরুরী মুহূর্তে অগ্নিনির্বাপনের যানবাহন যাতায়াত করিতে পারে এমন পথ থাকিতে হইবে;
- ৮। ট্যাংকের চারিপার্শ্বে নিম্নে উল্লিখিত নিরাপত্তা দূরত্ব বজায় রাখা আবশ্যিক:

(ক) এলপিগিজ বিধিমালা ২০০৪ অনুসারে ভূ-উপরস্থ ট্যাংকের ক্ষেত্রে অনূর্ধ্ব ২০০০ লিটার জল ধারণক্ষমতাসম্পন্ন ট্যাংকের জন্য ৪মিটার এবং অনূর্ধ্ব ২০,০০০ লিটারের জন্য ১০ মিটার;

(খ) NFPA 58 কোড অনুযায়ী ভূ-উপরস্থ, ভূ-গর্ভস্থ ও অর্ধ ভূ-গর্ভস্থ ট্যাংক নির্বিশেষে ৯০০০ লিটার পর্যন্ত জল ধারণ ক্ষমতাসম্পন্ন ট্যাংকের জন্য ৩ মিটার।

- ৯। ভূ-গর্ভস্থ ট্যাংক ও সিলিন্ডার গুচ্ছ স্থাপনের ক্ষেত্রে মজুদ স্থাপনা/মজুদাগারের প্রয়োজনীয় জায়গার পরিমাণ যথাক্রমে নিম্নের সারণীতে প্রদান করা হলো:

(ক) ট্যাংকের ক্ষেত্রে-

এলপিজি মজুদের পরিমাণ	স্থাপনার জন্য প্রয়োজনীয় স্থানের পরিমাণ
(টন)	মিটার X মিটার
৪	১৩ X ১২
৬	১৪ X ১২
৮	১৫ X ১২
----- ইত্যাদি	----- ইত্যাদি

(খ) সিলিভার গুচ্ছের ক্ষেত্রে:-সিলিভার মজুদের ক্ষেত্রে অনুর্ধ্ব ৪০কেজি ও ৮০ কেজি ধারণক্ষমতাসম্পন্ন একটি সিলিভার গুচ্ছের জন্য যথাক্রমে ন্যূনতম ৫ বর্গমিটার ও ১২ বর্গমিটার জায়গার প্রয়োজন। সেই অনুপাতে ৫০০ কেজির জন্য ও ১০০০ কেজির জন্য যথাক্রমে ৬২ বর্গমিটার ও ১২৫ বর্গমিটার জায়গার প্রয়োজন। উল্লেখ্য যে, উপরোক্ত হিসাব প্রতিটি ১২.৫কেজি ধারণক্ষমতাসম্পন্ন সিলিভার এবং প্রতিটি সিলিভার উলম্বভাবে এক সারিতে স্থাপনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

- ১০। ট্যাঙ্ক বা সিলিভার গুচ্ছ এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে যানবাহন, নাশকতা বা অনভিজ্ঞতা বা অন্য কোন কারণে মজুদ সিস্টেমের যন্ত্রপাতি, পাইপ ইত্যাদির কোনরূপ ক্ষতি সাধিত না হয়। এতদুদ্দেশ্যে ট্যাঙ্ক বা সিলিভার গুচ্ছ এর চারিদিকে নিরাপত্তা বেড়া (Fencing) দিতে হইবে;
- ১১। মজুদাগার হইতে বায়ু নির্গমনের জন্য উহার মেঝের কাছাকাছি দেয়ালে এবং ছাদে বা ছাদসংলগ্ন দেয়ালে পর্যাপ্ত নির্গমন পথ থাকিবে। বায়ু নির্গমন পথগুলি তামার তৈরী জাল বা অনুরূপ জাল দ্বারা আচ্ছাদিত করিতে হইবে। এইরূপ জালের প্রতি সেন্টিমিটারে অন্ত্যন ১১টি ফাঁস থাকিবে।
- ১২। ১০০ হইতে ৫০০ কিলোগ্রাম এলপিজি এর মজুদাগার কোন ভবনের অংশবিশেষ বা উহার সংলগ্ন হইলে মজুদাগার উক্ত ভবন হইতে মজবুত প্রাচীর দ্বারা পৃথকীকৃত হইতে হইবে এবং মজুদাগারের প্রবেশের জন্য সরাসরি এবং স্বতন্ত্র পথ থাকিবে। এইরূপ মজুদাগার সিঁড়ির নীচে অবস্থিত হইবে না।
- ১৩। ৫০০ কিলোগ্রামের অধিক এলপিজি এর মজুদাগার এবং কোন ভবন, জনসমাগমস্থল বা রাস্তার মধ্যে নিম্নলিখিত ফাঁকা দূরত্ব বজায় রাখিতে হইবে এবং উক্ত ফাঁকা জায়গায় কোন অননুমোদিত লোকজন প্রবেশ করিতে দেওয়া যাইবে না:

গ্যাসের পরিমাণ (কিলোগ্রাম)	ন্যূনতম দূরত্ব (মিটারে)
৫০১ - ১০০০	৩
১০০১ - ৪০০০	৫
৪০০১ - ৮০০০	৭
৮০০১ - ১২০০০	৯
১২০০০ এর উর্ধ্বে	১০

তবে শর্ত থাকে যে, উপরোক্ত দূরত্ব প্রধান পরিদর্শক হ্রাস করিতে পারেন, যদি হ্রাসকৃত দূরত্বের শেষ প্রান্তে:-

(ক) প্রাচীর দেওয়া হয় বা অন্য কোন বিশেষ সাবধানতা অবলম্বন করা হয়, অথবা

(খ) বিশেষ পারিপার্শ্বিক অবস্থার কারণে প্রধান পরিদর্শক সন্তুষ্ট হন যে, এইরূপ হ্রাসকরণ যথার্থ।

- ১৪। গ্যাসাধারে এলপিগিজ মজুদ এতদসংযুক্ত অনুমোদিত নকশায় প্রদর্শিত নির্ধারিত স্থানে এবং শেডে করিতে হইবে।
- ১৫। এলপিগিজ মজুদের প্রতিটি গ্যাসাধারে এবং পাইপসমূহ কোন ভবনের বাহিরে এবং উহা উত্তমভাবে ডিজাইনকৃত ভিত্তির উপর স্থাপিত হইবে।
- ১৬। গ্যাসাধারের যন্ত্রাংশ সর্বদা সর্বোত্তম অবস্থায় রক্ষণাবেক্ষণ করিতে হইবে।
- ১৭। গুচ্ছ সিলিন্ডার/ট্যাংক পদ্ধতিতে এলপিগিজ মজুদের ক্ষেত্রে সমসংখক সিলিন্ডার সম্বলিত দুইটি সিলিন্ডার গুচ্ছ থাকিবে, একটি সক্রিয় (Active) এবং অন্যটি অপেক্ষমান (Standby)। প্রত্যেক গুচ্ছের সিলিন্ডারগুলি পরস্পর আন্তঃসংযোগ অবস্থায় থাকিবে। এই মজুদ ব্যবস্থায় এমন একটি ডিভাইস (Auto changeover regulator) সংযুক্ত থাকিতে হইবে যাহাতে অপেক্ষমান গুচ্ছটি সচল হয়। পরবর্তীতে সার্ভিস প্রোভাইডার কর্তৃক নিঃশেষ গুচ্ছের সিলিন্ডারগুলি অপসারণ করিয়া ভর্তি সিলিন্ডার পুনস্থাপন করিবেন।
- ১৮। সিলিন্ডার গুচ্ছ স্থাপনের জন্য নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনায় নিতে হইবে যথা:-
- (ক) সিলিন্ডার গুচ্ছ এর বাড়িলের কোন সিলিন্ডারের জলধারণক্ষমতা ১২৫ লিটার এর বেশী হইতে পারিবে না;
 - (খ) স্থাপিতব্য ভবনের দরজা, জানালা বা ভেন্টিলেটর রিলিফ ভাল্ব হইতে কমপক্ষে ১মিটার দূরে স্থাপন করিতে হইবে;
 - (গ) এক বা একাধিক সিলিন্ডার জানালার কাছে স্থাপন করিতে হইলে জানালার নিম্নপ্রান্ত হইতে ১৫ সে.মি. দূরে সিলিন্ডারের ভাল্ব এর অবস্থান হইতে হইবে;
 - (ঘ) আগুনের উৎস, দাহ্য তরল এর মজুদ বা অন্য কোন দাহ্য পদার্থ হইতে ৫মিটার দূরে সিলিন্ডার রাখিতে হইবে;
 - (ঙ) বাহ্যিক আগুনের উৎস, যান্ত্রিক ভেন্ট ব্যবস্থা বা সরাসরি ভেন্ট ব্যবস্থা হইতে কমপক্ষে ১.৫ মিটার দূরে স্থাপন করিতে হইবে;
 - (চ) গুচ্ছ সিলিন্ডারের সাথে সংযুক্ত পাইপ, ফিটিংস, সিলিন্ডারের রেগুলেটর এর সাথে সংযোগকারী হোস পাইপ ইত্যাদি সিলিন্ডারের অভ্যন্তরীণ চাপের দেড় গুণ চাপ সহ্য করিবার উপযোগী হইতে হইবে;
 - (ছ) রেটিকুলেটেড সিস্টেমে ব্যবহৃত সকল মালামাল, যন্ত্রাংশ ফিটিংস ইত্যাদি বিধি ১৩০(১), (২), (৩) এ উল্লিখিত নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে রেটিকুলেটেড সিস্টেমে স্থাপনকারী সংস্থার নিজস্ব ডিজাইন অনুযায়ী হইতে পারিবে;
 - (জ) প্রত্যেকটি সিলিন্ডার ও প্রধান পাইপ এর সাথে সংযোগকারী হোস পাইপ ও উহার সংযোগ স্থল সহজে পর্যবেক্ষণ করা যায় এই রূপ পর্যাণ্ড জায়গা থাকত হইবে;
- ১৯। ট্যাংক/গুচ্ছ সিলিন্ডার হইতে পাইপের মাধ্যমে এলপিগিজ সরবরাহ সিলিন্ডার ক্যাসকেড থেকে চুলা পর্যন্ত পরিবহণ করিবার ক্ষেত্রে নিরাপত্তার বিষয়টি বিবেচনাপূর্বক পাইপের মাধ্যমে পরিবহণের সময় কয়েকটি ধাপে বিভিন্ন ধরণের ভাল্ব ও নিরাপত্তা ডিভাইস যুক্ত করিতে হইবে। উক্ত ডিভাইসমূহের সাহায্যে চাপ হ্রাসরণ ও প্রয়োজন মুহূর্তে সরবরাহ বন্ধ করিবার ও অতিরিক্ত চাপ প্রশমন করিবার ব্যবস্থা থাকিতে হইবে। যথা:-
- (ক) অটোচেনজ ওভার রেগুলেটর (Auto-Changeover Regulator) :-এই পর্যায়ে গ্যাস সরবরাহ উৎস স্বয়ংক্রিয়ভাবে খালি সিলিন্ডার স্থলে হইতে অপেক্ষমান মজুদ স্থলে স্থানান্তর (switching) করিবে। তাহাছাড়া এই পর্যায়ে প্রথম ধাপ (First stage) চাপ প্রশমন হইয়া ৮০-১০০ পিএসআইজি হইতে ১৬-১৮ পিএসআইজি-তে নামাইয়া আনিবে।
 - (খ) উচ্চচাপ নিরাধী ভাল্ব (Over pressure shut-off valve): এই পর্যায়ে ১৬ পিএসআইজি-তে যে কার্যচাপ নির্ধারিত থাকে তাহার অতিরিক্ত চাপ পাইপ লাইনে সঞ্চালিত হইলে উক্ত ভাল্ব স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হইয়া যাইবে। তাহাছাড়া দ্বিতীয় ধাপ চাপ প্রশমন রেগুলেটর হিসাবে গ্যাসের কার্যচাপ ১৬-১৮ হইতে ৫ পিএসআইজি-তে নামিয়া আনিবে;

- (গ) নিম্নচাপ নিরোধী ভাল্ব (Under pressure shut-off valve): এই ভাল্বটি তৃতীয় ধাপ চাপ প্রশমন রেগুলেটর হিসাবে গ্যাস মিটারের আগে স্থাপন করিতে হইবে। এই পর্যায়ে গ্যাস চাপকে ৫ পিএসআইজি হইতে চাপ প্রশমন করিয়া ০.৫ পিএসআইজি-তে নামাইয়া আনিবে। তাহাছাড়া কোন ত্রুটির কারণে (যেমন-পাইপ ফাটিয়া গেলে বা ছিদ্র হইয়া গেলে) পাইপ লাইনে গ্যাসের চাপ ০.৫ পিএসআইজি এর নিচে নামিয়া গেলে উহা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হইয়া পাইপে গ্যাস সরবরাহ বন্ধ করিবে।
- (ঘ) বিচ্ছিন্নকরণ ভাল্ব (Emergency shut-off Valve) :- বিল্ডিং এর বাহিরে ও মজুদ ট্যাঙ্ক এর নিকট জরুরী মুহুর্তে বন্ধ করিবার জন্য হাতে বিচ্ছিন্নকরণ ভাল্ব থাকিতে হইবে।
- (ঙ) আইসোলেশন সাটঅফ ভাল্ব (Isolation shut-off Valve):- আইসোলেশন সাটঅফ ভাল্ব পাইপ লাইনের বিভিন্ন স্থানে স্থাপন করতে হইবে। যেমন-চুলার আগে, মিটারের আগে, রেগুলেটর এর আগে, রাইজার এর স্থানে, বা পাইপ লাইনের শুরুতে এবং জরুরী মেরামতের প্রয়োজন হয় এমন স্থানে;
- (চ) প্রেসার গেজ:- পাইপে চাপ পর্যবেক্ষণের জন্য সুবিধাজনক স্থানে প্রেসার গেজ লাগাইতে হইবে;

- ২০। ভ্যাপারাইজার (vaporiser)।- ট্যাংক/সিলিভারগুচ্ছ যদি Lipuid Off Take (LOT) পদ্ধতি সম্পন্ন হয় তাহা হইলে মজুদ ট্যাংক বা সিলিভার গুচ্ছ এর পর vaporizer স্থাপন করিতে হইবে। তাহাছাড়া যদি অত্যন্ত ঠাণ্ডা আবহাওয়া (১০ সেন্টিঃ) এর ক্ষেত্রে বা এলপিজি বাষ্প ব্যবহারের পরিমাণের হার উহার বাষ্পীভবনের হারের চাইতে বেশী হয় সেইক্ষেত্রেও vaporizer স্থাপন করিতে হইবে।
- ২১। লাইসেন্সকৃত প্রাপ্তগণে কোন দুর্ঘটনা, অগ্নিকাণ্ড অথবা বিস্ফোরণ ঘটিলে এবং সেই দুর্ঘটনায় জীবননাশ বা ব্যক্তি অথবা সম্পত্তির ভয়ঙ্কর ক্ষতি হইলে তাহা নিকটতম ম্যাজিস্ট্রেট কিংবা নিকটতম থানার ভারপ্রাপ্ত অফিসারকে এবং প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা-কে সম্ভাব্য দ্রুততম পন্থায় অবহিত করিতে হইবে।
- ২২। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১২৪ তে উল্লিখিত কর্মকর্তাকে লাইসেন্সকৃত প্রাপ্তগণে সকল যুক্তিসঙ্গত সময়ে প্রবেশ করিতে দিতে হইবে এবং বিধানাবলী ও লাইসেন্সের শর্তাবলী যথাযথভাবে পালন করা হইতেছে কী না নিরূপণের জন্য উক্ত কর্মকর্তাকে সকল সুযোগ-সুবিধা দিতে হইবে।
- ২৩। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) মজুদ প্রাপ্তগণে যাহাতে অননুমোদিত কোন ব্যক্তি প্রবেশ না করিতে পারে সেই দিকে যথেষ্ট সতর্কতা অবলম্বন করিতে হইবে।

ফরম-ট

[বিধি ১৭০ দ্রষ্টব্য]

এলপিজি রিফুয়েলিং স্টেশনের নিরাপত্তা যাচাই এবং পরীক্ষণ ছক

- | | | |
|----|--|--------------------------|
| ১। | গ্যাসাধারটির গায়ে উৎপাদনকারী প্রতিষ্ঠান, ক্রমিক নম্বর, পরীক্ষণ তারিখ, ধারণক্ষমতা ইত্যাদি সম্বলিত ডাটা প্লেট সংযুক্ত আছে কী না | <input type="checkbox"/> |
| ২। | গ্যাসাধারটি উপযুক্ত ভিতের উপর স্থাপন করা হইয়াছে কী না এবং ভিতের চতুরদিকে ঘাস, আবর্জনা ইত্যাদি আছে কী না | <input type="checkbox"/> |
| ৩। | এলপিজি পাম্পের বাইপাস ভাল্ব লিক ফ্রি ও ভাল অবস্থায় আছে কী না | <input type="checkbox"/> |
| ৪। | জরুরী বন্ধকরণ সুইচ প্রতিক্ষেত্রে আলাদাভাবে কার্যক্ষম কী না | <input type="checkbox"/> |

- | | | |
|-----|---|--------------------------|
| ৫। | স্থাপনায় প্রকৃতভাবেই গ্যাস নিঃসরণ যাচাই করা হইয়াছে কী না | <input type="checkbox"/> |
| ৬। | ডিসপেন্সারের হোস পাইপ, প্রোবস এবং গেজ নিরাপদ অবস্থায় আছে কী না | <input type="checkbox"/> |
| ৭। | সর্বোচ্চ পূরণ চাপ অনুমোদিত সীমার মধ্যে (২৫০ পিএসআই) আছে কী না | <input type="checkbox"/> |
| ৮। | মজুদ আধারের গায়ে সংযুক্ত চাপ প্রশমন ভালভ অনুমোদিত ধরনের ও কার্যকর কী না | <input type="checkbox"/> |
| ৯। | জরুরী বন্ধকরণ ভালভ কার্যকর আছে কী না | <input type="checkbox"/> |
| ১০। | আধারের গায়ে সংযুক্ত তাপ ও চাপ পরিমাপক গ্যাজগুলি সঠিকভাবে কাজ করে কী না | <input type="checkbox"/> |
| ১১। | সতর্কবাণী/প্রতীক দৃশ্যমান স্থানে যথোপযুক্তভাবে প্রদর্শিত আছে কী না | <input type="checkbox"/> |
| ১২। | প্রাঙ্গণটি পরিষ্কার পরিচ্ছন্ন ও সংরক্ষিত এবং প্রবেশ নিয়ন্ত্রিত কী না | <input type="checkbox"/> |
| ১৩। | গ্যাস গন্ধযুক্ত করা হইয়াছে কী না | <input type="checkbox"/> |
| ১৪। | পরিদর্শন সনদ প্রাঙ্গণে প্রদর্শিত কী না | <input type="checkbox"/> |
| ১৫। | নির্দিষ্ট সময় অন্তর অন্তর নিরাপত্তা যাচাই লগ বইয়ে সংরক্ষণ করা হয় কী না | <input type="checkbox"/> |

ফরম-ঠ
[বিধি ১৭০ দ্রষ্টব্য]

এলপিগি স্টেশন পরিদর্শন সংক্রান্ত সনদ

..... এলপিগি স্টেশনের জন্য তারিখ
হইতে..... পর্যন্ত ২৪ মাস মেয়াদে এই সনদ জারী করা হইল।

..... স্থানে এলপিগি স্থাপনাটি কর্তৃক পরিদর্শন করা হইয়াছে। স্থাপনার সরঞ্জামাদি এবং কার্যক্রম নিরাপদ।

পরিদর্শনকারীর নাম, পদবী ও স্বাক্ষর

ফরম-ড
[বিধি ১৭০ দ্রষ্টব্য]

এলপিগি রিফুয়েলিং স্টেশন পরিদর্শন চেক লিস্ট

- | | | |
|--------------------------|--|--------------------------|
| ১। সংযোগ গ্যাস পাইপ লাইন | ছিদ্র | <input type="checkbox"/> |
| | গেজ | <input type="checkbox"/> |
| | ক্ষয় | <input type="checkbox"/> |
| ২। কমপ্রেশার বেট্টনী | ‘প্রবেশ নিষেধ’সংকেত | <input type="checkbox"/> |
| | ধূমপান নিষেধ প্রতীক | <input type="checkbox"/> |
| | স্বয়ংক্রিয়ভাবে চালু হওয়ার সতর্ক সংকেত | <input type="checkbox"/> |
| | বিপজ্জনক সংকেত | <input type="checkbox"/> |
| | পরিচালন পদ্ধতি | <input type="checkbox"/> |
| | বাতি এবং সুইচ | <input type="checkbox"/> |
| | ক্ষতিকর পদার্থ মুক্ত | <input type="checkbox"/> |
| সুরক্ষিত বেট্টনী | <input type="checkbox"/> | |

৩। কমপ্রেশার	গ্যাস নিঃসরণ হয় কী না	<input type="checkbox"/>
	প্রশমন ভালভ সিলকরণ ও সিলকরণের তারিখ	<input type="checkbox"/>
	নিরাপত্তা সরঞ্জামাদির সুরক্ষার ব্যবস্থা	<input type="checkbox"/>
	গেজ	<input type="checkbox"/>
	বৈদ্যুতিক বোর্ডের সুরক্ষার ব্যবস্থা	<input type="checkbox"/>
	পাইপ লাইন ও পাইপ লাইনের ধারকের (Bracket) অবস্থা	<input type="checkbox"/>
	গার্ড (Guards)	<input type="checkbox"/>
	বন্ধকরণ চাপ	<input type="checkbox"/>
	গ্যাস নিঃসরণ (বাস্তব অবস্থার প্রেক্ষিতে চালু কমপ্রেশার	<input type="checkbox"/>
	এর ভেন্ট পাইপ এর নিঃসরণ যাচাই ও উহার অন্তর্ভুক্ত)	<input type="checkbox"/>
৪। মজুদের ধারণপাত্র	গ্যাস নিঃসরণ	<input type="checkbox"/>
	প্রশমন ভালভ সিলকরণ ও সিলকরণের তারিখ	<input type="checkbox"/>
	গেজ	<input type="checkbox"/>
	সকল ধারক বেটনীর (Bracket) সুরক্ষার ব্যবস্থা	<input type="checkbox"/>
	ভালভ (অবস্থা/কার্যক্ষমতা)	<input type="checkbox"/>
	বেটনী/দরজা	<input type="checkbox"/>
	ধূমপান নিষেধ সংকেত	<input type="checkbox"/>
	প্রবেশ নিষেধ সংকেত	<input type="checkbox"/>
	ক্ষয়	<input type="checkbox"/>
	চাপ পরীক্ষণের তারিখ	<input type="checkbox"/>
৫। মূখ্য বন্ধকরণ ভালভ	গ্যাস নিঃসরণ	<input type="checkbox"/>
	অবস্থা কার্যক্ষমতা	<input type="checkbox"/>
	প্রতীক চিহ্ন	<input type="checkbox"/>

১৮। এই সংশোধনীতে যে সমস্ত বিধি বাতিল করা হয় নাই উক্ত বিধির ক্রমিক পরিবর্তিত অথবা বহাল ক্রমিক হিসাবে বহাল থাকিবে এবং উক্ত বিধিগুলির সহিত সংশ্লিষ্ট বিধির তফসিল ও ফরমসমূহে সামঞ্জস্যপূর্ণ পরিবর্তন হইবে।